আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

বর্ষ ৪৬ সংখ্যা ৩৯ কলকাতা বুধবার, ২২ এপ্রিল ২০২৬/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ৮ বৈশাখ ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## কেন্দ্রীয় সরকারে ৩০০৩ চাকরি

বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক, দপ্তর ও সংস্থায় ৩,০০৩ জন কর্মী নিয়োগ করা হবে। দেশের বিভিন্ন রিজিয়নে নিয়োগ করা হবে ফিল্ডম্যান, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, অফিস অ্যাটেন্ড্যান্ট-সহ বিভিন্ন পদে। যে-কোনও রিজিয়নের শূন্যপদেই আবেদন করা যাবে। তবে, কিছু পদের ক্ষেত্রে স্থানীয় ভাষা জানতে হবে। এখানে ইস্টার্ন রিজিয়নের জন্য নির্দিষ্ট ২২৭টি শূন্যপদের বিষয়ে জানানো হল। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Phase-XIV/2026/Selection Posts.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ER 10126: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৬ অনুসারে। নিয়োগ করা হবে বটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 10226: প্রিজারভেশন অ্যাসিস্ট্যান্ট-কাম গার্ডেন ওভারসিয়ার: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৪ অনুসারে। নিয়োগ করা হবে বটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 10326: সিনিয়র প্রিজারভেশন অ্যাসিস্ট্যান্ট: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৫ অনুসারে। নিয়োগ করা হবে বটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 10426: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৬ অনুসারে। নিয়োগ করা হবে বটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 10626: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম:

*এরপর দুয়ের পাতায়*

## কারেন্সি নোট প্রেসে ৪৯৪

বিভিন্ন পদে ৪৯৪ জন কর্মী নেবে কারেন্সি নোট প্রেস। এটি কেন্দ্রের অর্থ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে মহারাষ্ট্রের নাসিকের কারেন্সি নোট প্রেস, ইন্ডিয়া সিকিউরিটি প্রেস, মধ্যপ্রদেশের দেওয়াসের ব্যাঙ্ক নোট প্রেস এবং তেলঙ্গানার হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CNPN/HR/Rect./01/2026.

উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'-র গত সংখ্যায় এই নিয়োগ সম্পর্কে আগাম জানানো হয়েছিল। এই সংখ্যায় বিশদে জানানো হল।

শূন্যপদের বিবরণ: সুপারভাইজর (টেকনিক্যাল-কন্ট্রোল): ২৭টি। শিক্ষাগত যোগ্যতা: প্রিন্টিং টেকনোলজি বা প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং টেকনোলজিতে প্রথম শ্রেণির নম্বর-সহ ৩ বছরের ডিপ্লোমা অথবা বি ই বা বি টেক ডিগ্রি। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (টেকনিক্যাল অপারেশন-প্রিন্টিং): ২৫টি। শিক্ষাগত

*এরপর এগারোর পাতায়*

## ভারত পেট্রোলিয়ামে ২৪৮

২৪৮ জন কর্মী নেবে ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন। নিয়োগ করা হবে সেক্রেটারি, জুনিয়র এক্সিকিউটিভ ও অ্যাসোসিয়েট এক্সিকিউটিভ পদে। জুনিয়র এক্সিকিউটিভ নিয়োগ করা হবে বিভিন্ন শাখায়। প্রথমে ১ বছরের প্রবেশন।

**শূন্যপদের বিন্যাস: সেক্রেটারি:** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে স্নাতক। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ৩ বছর মেয়াদের স্নাতক স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অ্যাডমিন সেক্রেটারিয়াল অ্যান্ড পিএ বা এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট বা সেক্রেটারিয়াল প্র্যাকটিস বা অফিস ম্যানেজমেন্টে অন্তত ৬ মাসের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-৪-২০২৬ তারিখে ৩২ বছরের মধ্যে।

**জুনিয়র এক্সিকিউটিভ: ইঞ্জিনিয়ারিং:** ১৭৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা সিভিল বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে ৩ বছর মেয়াদের

*এরপর পাঁচের পাতায়*

## আইসিআইসিআই ব্যাঙ্কে সহস্রাধিক অ্যাপ্রেন্টিস

### ফ্রেশ গ্র্যাজুয়েটরা এখনই আবেদন করতে পারেন

ব্যাঙ্কের চাকরিতে আগ্রহী ফ্রেশার গ্র্যাজুয়েটদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে আইসিআইসিআই ব্যাঙ্ক। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। ১ বছরের এই প্রশিক্ষণে ব্যাঙ্কিং পরিষেবার বিভিন্ন শাখায় হাতে-কলমে কাজ শেখার সুযোগ রয়েছে। ট্রেনিংয়ের ১ বছর মাসে ১২,৩০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে।

ব্যাঙ্ক কর্তৃপক্ষ জানিয়েছে, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট, কাস্টমার সার্ভিস এবং ব্যাঙ্কিং অপারেশনসের প্রশিক্ষণ দেওয়া হবে। অ্যাপ্রেন্টিসশিপ করা থাকলে ব্যাঙ্কিং ক্ষেত্রে চাকরি পেতে সুবিধা হয়। আইসিআইসিআই ব্যাঙ্কেও চাকরির সম্ভাবনা থাকে।

আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://www.icicicareers.com/CareerApplicant/career/job-listing/

## ৫০০ ফোরম্যান টেকনিশিয়ান ট্রেনি

অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান ও টেকনিশিয়ান পদে ৫০০ জন ট্রেনি নেবে মহানদী কোলফিল্ডস লিমিটেড। এটি কেন্দ্রের কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল বিভাগে। ১ বছরের ট্রেনিং। ট্রেনিং শেষে শর্তসাপেক্ষে উন্নতির সুযোগ আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MCL/HQ/Recruitment/Open/2026/311

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল): ১৫০টি (সাধারণ ৬০, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ৩৩, ওবিসি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে অন্তত ৩ বছরের ডিপ্লোমা বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

*এরপর নয়ের পাতায়*

## এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কেবিন ক্রু

ট্রেনি কেবিন ক্রু নেবে বিমান পরিবহণ সংস্থা এয়ার ইন্ডিয়া। প্রাথমিক নিয়োগকেন্দ্র দিল্লি। শুধু মহিলারা আবেদনের যোগ্য। প্রার্থীর বৈধ ভারতীয় প্রাসপোর্ট থাকতে হবে।

অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক পাশ তরুণীরা আবেদন করতে পারেন। উচ্চ শিক্ষিতরাও আবেদনের যোগ্য। ইংরেজি ও হিন্দিতে কথা বলায় সাবলীল হতে হবে। দৈহিক উচ্চতা হতে হবে ১৫৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই

*এরপর এগারোর পাতায়*

## গোর্খা রাইফেলসে ১৫০

### জুনিয়র কমিশনড অফিসার, সোলজার

র‍্যালির মাধ্যমে জুনিয়র কমিশনড অফিসার (জেনারেল ডিউটি) ও সোলজার (জেনারেল ডিউটি) পদে ১৫০ জনকে নেবে ১৩৭ কম্পোজিট ইকোলজিক্যাল টাস্ক ফোর্স ব্যাটেলিয়ন (টেরিটোরিয়াল আর্মি) ৩৯ গোর্খা রাইফেলস। পেনশনপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মীরা আবেদন করবেন। কেন্দ্রীয় সরকারের বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক এবং রাজ্য বন দপ্তরের প্রাক্তন মহিলা কর্মীরাও (স্বেচ্ছাবসর নেওয়া প্রার্থীরা-সহ) আবেদনের যোগ্য। পশ্চিমবঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে র‍্যালি হবে ৫ থেকে ৮ মে দার্জিলিং জেলার শিলিগুড়ি সাব-ডিভিশনের অধীনস্থ বেঙ্গডুবিতে।

শূন্যপদের বিন্যাস: জুনিয়র কমিশনড অফিসার (জেনারেল ডিউটি): ৭টি। সোলজার জেনারেল ডিউটি: ১৪৩টি।

দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬০ সেমি (গোর্খাদের

*এরপর নয়ের পাতায়*

## এনটিপিসি-তে ২৫০

### অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ

অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ (অপারেশন) পদে ২৫০ জনকে নেবে ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এনটিপিসি)। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। তবে কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ২ বছর বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05/26

*এরপর বারোর পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

**স্বনির্ভরতার সন্ধান**

## সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরির ব্যবসা লাভজনক



**চিকিৎসা পরিষেবার জন্য যেমন আধুনিক যন্ত্র ও ওষুধপত্রের প্রয়োজন, তেমনই দরকার মাস্ক, অ্যাপ্রন, গ্লাভস, টুপি ইত্যাদি, যা হাসপাতালের চিকিৎসক, নার্স, এমনকী রোগীর পরিজনরাও প্রধানত রোগের সংক্রমণ ঠেকানোর জন্য ব্যবহার করেন। বাণিজ্যিক ভিত্তিতে এগুলির উৎপাদন খুবই লাভজনক।**

**নিজস্ব প্রতিনিধি:** হাসপাতাল, নার্সিংহোম, স্বাস্থ্যকেন্দ্র ও ওষুধের দোকানে মেডিক্যাল সামগ্রীর চাহিদা সারা বছর থাকে। এর মধ্যে আবার ভালো চাহিদা সার্জিক্যাল ব্যান্ডেজের। সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরি করে হাসপাতাল, নার্সিংহোম, স্বাস্থ্যকেন্দ্র এবং ওষুধের দোকানে সাপ্লাই দেওয়া যায়। জিনিসের মান ঠিক থাকলে এই ধরনের ব্যবসা লাভের মুখ দেখে।

সার্জিক্যাল ব্যান্ডেজের পাশাপাশি ডাক্তার-নার্স-স্বাস্থ্যকর্মীদের মাস্ক, অ্যাপ্রন, গ্লাভস, টুপির জোগান দেওয়ার ব্যবস্থা থাকলে বিক্রি করতে সুবিধে হবে। কারণ ক্রেতা সাধারণ ভাবে এক জনের কাছ থেকেই অনেকগুলি সামগ্রী পেতে চাইবেন। তবে মেডিক্যাল সামগ্রীর ব্যবসা শুরু করার আগে সরকারি দপ্তর থেকে ব্যবসা করার অনুমতি নিতে হবে। যে-অঞ্চলে ব্যবসা করবেন সেটি যদি কর্পোরেশন এলাকা হয় তবে ট্রেড লাইসেন্স নিতে হবে। পঞ্চায়েত এলাকা হলে পঞ্চায়েতের সার্টিফিকেট অবশ্যই লাগবে।

সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরির

*এরপর দুয়ের পাতায়*

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**অবসরপ্রাপ্ত Bank গভঃ/Pvt/PSU/** রেল/গৃহবধূ কর্মপ্রার্থীদের (30-65 HS+) ভারতের নামী MNC Kol অফিসে Mngr পদে নিয়োগ Salary + PF + বোনাস লতা-85839-30352.

□

**সুবর্ণ সুযোগ Retd/ VRS Central/** State/PSU/Bank Employee Age: 40-65 দের জন্য কোলকাতা অফিসে Part time কাজ, Full time Benefits. M: 90517-07815.

□

**MNC reqd Sr.Mngr/ Executive for** part/full time Retd/VRS/Housewife/ Businessman. Fixed Salary: 10-60K + PF + Inc 20-70, HS+. 98362-73358.

□

**ভারতের বিখ্যাত Co তে Sr. Manager** পদে লোক চাই। Retd/VRS/House-wife, Fin Distributor 45-65yr. অগ্রগণ্য। Salary + PF + Foreign Tour M: 97331-05157.

□

**নামী Co.র Kol অফিসে 100% Fixed** Salary তে সরাসরি জয়েনিং অফিস স্টাফ/Mngr./মার্কেটিং/ টেলিকলার 5-40K. No ইন্সুরেন্স সেলস 83450-23181/ 62919-38565.

□

**Team Leader পদের জন্য নামী** ব্যাংকের অধীনে প্রচুর লোক প্রয়োজন। ইচ্ছুক ব্যক্তিরা নিজেদের অবসর + অভিজ্ঞতাকে কাজে লাগান। 4L-6L/PA. HS+, 45-65. 98753-98530.

□

**WORK@HOME JOBS EBOOK.** Com স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে /Comp, Laptop/স্মার্ট ফোনে টাইপ করে 6K সপ্তাহে আয় 62911-59330/ 98315-37449.

□

### কর্মখালি

বাচ্ছা দেখার জন্য ২৪ ঘণ্টার আয়া চাই, রাজারহাট, কলকাতায়। মাসে দুটো ছুটি। মাইনে: ১৭০০০/-। ফোন নম্বর: 83360-52132/ 98302-79870.

□

**পুরুষ/মহিলা দরকার সর্বক্ষণের দেখা-শোনার জন্য,** BP, Sugar চেক ইত্যাদি। যোগাযোগ: 99339-26617.

□

**দেরাদুনে বিখ্যাত বাঙালি রেস্টুরেন্টের** জন্য কুক কাম হেল্পার চাই। বেতন: 8-20,000/-, Call: 82797-71696 / 80772-32841.

□

**Hiring Sales Manager Role for** BFSI Industry Kolkata. Fixed Salary + Incentive. H.S+, Age 25-45. Sales Experience. Call- 99037-95388.

□

**দক্ষিণ কলকাতার নিরামিষাশী ছোট** পরিবারের জন্য ২৪ ঘণ্টার সবকাজ এবং রান্না জানা পরিচারিকা/ আয়া দরকার। যোগাযোগ: 9830011282.

□

**কলকাতায় চাকরি সাইট ইঞ্জিনিয়ার** (সিভিল) ৫+ বছর অভিজ্ঞতা, রিয়েল এস্টেট সেলস/ রিসেপশনিস্ট, অ্যাকাউন্ট্যান্ট বেতন + আবাস আলোচনা সাপেক্ষ 98746-01111.

□

**Affiliated to CISCE, New Delhi.** Required Experienced PGT in Psychology, Home Science, Accounts, Business Studies, Entrepreneurship, Economics, Biology, Physics, Physical Education, English, Music, Fashion Designing, Mathematics, Legal Studies. Suitable Candidates having Minimum of 2 yrs. Experience must send their C.V. along with their Passport Size Photograph (Non-Refundable) to the School Office at St. John's High School, Narayanpur, Battala, Rajarhat, Kolkata-700136 or Email : highschoolnpur@gmail.com or stjhsnar@gmail.com Ph-2519-6319/5747 within 7 days.

□

### কর্মখালি

**T.C Peon স্টোরকিপার, Mngr.,** রিসেপশনিস্ট, সুপারভাইজার, ক্যাশিয়ার, প্যাকিং-এর জন্য M/F চাই বেতন: 16K-35K OT-সহ ESI + PF বালাজী এন্টারপ্রাইস: 90513-53006.

□

**দমদম ফ্যাক্টরীতে ITI ফিটার, মেশিনিস্ট,** গ্রাইন্ডার ফ্রেশার ম্যান, পাওয়ারপ্রেস অপারেটর চাই। Call- 81009-21177/ 90075-80780.

□

**অভিজ্ঞ DTP Operator চাই**

**Indesign, Pagemaker, Coreldraw,** Freehand, Photoshop-এর কাজ জানা অভিজ্ঞ DTP Operator চাই। rayandmartindtp@gmail.com, 6C রমানাথ মজুমদার স্ট্রিট, কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়ারের কাছে।

□

**পুঃ/মহিলা সিকিউরিটি, সুপারভাইজার,** গৃহস্থালি, আয়া আবশ্যক। মাধ্যমিক, বয়স: ২৫-৪০, TSAS Pvt Ltd, Salt Lake, M-83369-09600/ 98301-91405.

□

**Need Staff for Hospital** Marketing, Night Supervisor, Hospital Administrator, ICU MBBS RMO, Nurses, Matron, Pharmacy Incharge, OPD Executive, Receptionist, House keeping, min 3 Yrs. for Royd Nursing Home, 5B, Royd St. Kolkata send CV: navin222in15@gmail.com

□

**VAWSUM ERP hiring Customer** Service Executive, Kolkata. Good communication skills. Freshers. Salary:10,000. Email : info@vawsum.com

□

**AC Mechanic Reqd. Reputed** Hitachi Aircon Service Center Sal : 12K-20K Add 237/ Q, Maniktala Main Rd, Bagmari, Kol-54 Ph: 98316-08864.

□

### কর্মখালি

**Require persons for field work for** KYC Verification work of Banks/ FI. Educational Qualification- Higher Secondary/ Graduation. Bike & Smart Phone is mandatory. Good commu-nication skills Computer Savvy is required. Experienced and fresh candidates can apply. Salary Plus Incentive. Contact: jobs@skagrawal.co.in, 033-4008 9902/ 03.

□

**কলকাতার মধ্যে বাড়ির কাজের জন্য** ভালো রাধুনি চাই। Expert in Indian, Mughlai, Chinese & Continental. ভালো বেতন সঙ্গে থাকা খাওয়া ফ্রি। 79808-34574.

□

**Urgent : Healthcare Pvt Ltd Co.** Seeks dynamic Sales & Mktg Exec. Bike with licence (pref). Age 20-40 yrs. Salary: 8-20K, M: 89614 91822.

□

**গড়িয়াহাট-গোলপার্ক এলাকায় বাড়িতে** একটি ছোটো পরিবারের জন্য বাঙালি খাবার রান্না করতে জানা একজন অভিজ্ঞ রাঁধুনি/ শেফ প্রয়োজন। 96167-55155.

□

**Urgently reqd by renowned** construction co.-Exp/ Fresher Accounts/GST/ HR/ Office based Civil Enggr-Send CV to : supmu048@gmail.com

□

**Editor চাই**

**Physics, Chemistry ও Education-**এ Post Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন: rayandmartin6@gmail.com-এ। কর্মস্থান: 10 রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. Minimum Salary- 18000/-

□

**Behala-য় IFB সার্ভিস সেন্টারে AC,** ফ্রিজ, Micro Oven ও Washing মেশিন-এর টেকনিশিয়ান (salary + Inc 12000-15000) ও মহিলা Tele caller চাই। Mob. 62915-65850.

□

### কর্মখালি

**Hiring Solar Sales Executives** across WB. Promote Solar under Govt. Subsidy Scheme. 2 Wheelers must. Call/Whatsapp: 84201-06511 www.onergy.in

□

**Biomedix Siomond Pharma** invites promising & expd. candidates to join fastest growing company. May contact: Mr. D. Roy Director (Marketing) for W.B. 98304-69522.

□

**Reqd for a Pet Shop Bhawanipur** 6 Days, Age18-35, Sales, Material tracking, Bookkeep Sal: 8K-10K Negotiable, Time: 10AM - 8PM. 98313-92669.

□

**Vacancy in Airconditioning &** Refrigeration for Technician, Production & Sales. Immediate requirement in Renounced Company, Whats App : 93391-99345.

□

**কর্মক্ষেত্রর** আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৫ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

৬ মে-র **কর্মক্ষেত্রর** জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**গড়িয়াহাটে নিজস্ব অফিসে ব্যাক অফিস** কাজে কম্পিউটার জানা 25-28-র মধ্যে ফিমেল ক্যানডিডেট চাই। গড়িয়াহাটের নিকটবর্তী এলাকার অগ্রগণ্য- 62899-70197.

□

**Retd. Central/ State Govt./ Bank/** Rail/PSU/Army দের কলিকাতার MNC তে Manager পদে নিয়োগ। High Income + Other Benefits. Ph: 90737-89606.

□

**Corporate Sector-এ অবসর সময়ে** Retd/ VRS ব্যবসায়ী/গৃহবধূরা Part/ Full Time কাজ করুন। Fixed Salary + PF + ESI + Bonus. HS+, 25-70yr. 98305-56754.

□

**Required 6+ Years Exp. Pre-**ferably HS Pass Driver For Automatic Car at Garia. Salary 14 - 15000/- Contact with Biodata at 98300-06746.

□

**Reqd. Fresh Graduate (B.Com/** BA/ BSC/ BBA/ DIP CIVIL ENG./ Retired Valuer for Valuation)/ Retired Banker/ CA for Audit at Kol. 99032-85004.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# কেন্দ্রীয় সরকারে ৩০০৩ চাকরি

*প্রথম পাতার পর*

লেভেল-৫ অনুসারে। নিয়োগ করা হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

পোস্ট কোড ER 11326: **ফিল্ড অ্যাসিস্ট্যান্ট**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৩ অনুসারে। নিয়োগ করা হবে সেন্ট্রাল সিল্ক বোর্ডে।

পোস্ট কোড ER 11726: **ফিল্ডম্যান**: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-২ অনুসারে। নিয়োগ করা হবে ফরেস্ট সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 11826: **ডেপুটি রেঞ্জার**: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৪ অনুসারে। নিয়োগ করা হবে ফরেস্ট সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 12026: **জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি)**: ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৬ অনুসারে। নিয়োগ করা হবে জিয়োলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 12626: **ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-থ্রি (জিয়োলজি)** : ৩টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-২ অনুসারে। নিয়োগ করা হবে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 12726: **জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ড্রিলিং)**: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৬ অনুসারে। নিয়োগ করা হবে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 12826: **পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট**: ৫১টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৬ অনুসারে। নিয়োগ করা হবে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 13126: **স্টোর্স ক্লার্ক**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-২ অনুসারে। নিয়োগ করা হবে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 13226: **স্টোর অ্যাটেন্ড্যান্ট**: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-১ অনুসারে। নিয়োগ করা হবে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 13526: **আর্টিস্ট গ্রেড-১**: ২২টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৬ অনুসারে। নিয়োগ করা হবে জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 13626: **ট্যাক্সিডার্মিস্ট গ্রেড-থ্রি**: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৫ অনুসারে। নিয়োগ করা হবে জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 13726: **ফিল্ড কালেক্টর**: ১৭টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৩ অনুসারে। নিয়োগ করা হবে জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 13926: **সিনিয়র জুলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট**: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা উচ্চতর। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-৬ অনুসারে। নিয়োগ করা হবে জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 14026: **ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি-টাস্কিং-সহ)**: ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-১ অনুসারে। নিয়োগ করা হবে জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER 14226: **অফিস অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং স্টাফ)**: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-১ অনুসারে। নিয়োগ করা হবে জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

সব ক্ষেত্রেই ১-১-২০২৬ তারিখ অনুসারে প্রার্থীর নির্দিষ্ট বয়স থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা জুনে। ২০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ (বেসিক নলেজ) বিষয়ে। মোট সময় ১ ঘণ্টা (প্রতি বিভাগে ১৫ মিনিট)। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

এ রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যাণী (৪৪১৯), সিউড়ি (৪৪১৬), বর্ধমান (৪৪২২) ও দুর্গাপুর (৪৪২৬)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in অথবা, মোবাইলে গুগল প্লে স্টোর থেকে mySSC অ্যাপ ডাউনলোড করে দরখাস্ত করতে পারেন। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ মে। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্তের সময়ই সরাসরি ক্যামেরায় ফটো তুলতে হবে। এ ছাড়াও প্রার্থীর স্ক্যান করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। দরখাস্তের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ৫ মে পর্যন্ত। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে হবে না। ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং, ভিসা/মাস্টারকার্ড/ মায়েস্ট্রো/রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ভিম ইউপিআই অ্যাপের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

দরখাস্তের সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ১১ মে থেকে ১৩ মে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরির ব্যবসা লাভজনক

*প্রথম পাতার পর*

প্রধান উপকরণ বিশেষ ধরনের কাপড়। এই উপকরণ কিছুটা কম দামে পাওয়া যায় কলকাতার বড়বাজারে, বসিরহাট, হাসনাবাদ ইত্যাদি অঞ্চলে। কাপড় কেনার পর নির্দিষ্ট পদ্ধতিতে তা জীবাণুমুক্ত করতে হবে এবং তারপর মেশিনে দিতে হবে। সার্জিক্যাল ব্যান্ডেজ বিভিন্ন মাপের হয়। যে-মাপের তৈরি করতে চান, কাটিং মেশিনে সেই মাপে কেটে নিতে হবে। এরপর মেশিন চালু করলে, ব্যান্ডেজ রোলার মেশিনে রোল হয়ে বেরিয়ে আসবে। কাটিং মেশিন সাধারণত ১/২ হর্সপাওয়ার এবং ব্যান্ডেজ তৈরির মেশিন ১ হর্সপাওয়ারের হয়, বিদ্যুৎ লাগে ২২০ ভোল্ট। মোটর সমেত ব্যান্ডেজ তৈরির মেশিনের দাম ১ লক্ষ টাকা এবং কাটিং মেশিনের দাম ৫০,০০০ টাকা। এই মেশিনের সঙ্গে আরও কিছু অ্যাটাচমেন্ট লাগালে, একই মেশিনে ডাক্তারদের ব্যবহারের জন্য মাস্ক, টুপি, অ্যাপ্রন, গ্লাভস ইত্যাদি তৈরি করা যায়। অ্যাটাচমেন্টগুলোর দাম আলাদা।

**মেশিন কোথায় পাবেন:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি। ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩, ফোন- (০৩৩) ২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬। এই সংস্থা থেকে মেশিন কিনলে কর্তৃপক্ষ বিনামূল্যে মেশিন বসিয়ে প্রশিক্ষণ দেবেন।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## এক্সপোর্ট ইমপোর্ট ম্যানেজমেন্টের সার্টিফিকেট কোর্স

এক্সপোর্ট ইমপোর্ট ম্যানেজমেন্টের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেড। এটি কেন্দ্রের কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। কোর্সটি পড়ানো হবে অনলাইন মাধ্যমে, ক্লাস হবে শনি ও রবিবার। কোর্সের মেয়াদ ৪ মাস। কোর্স শুরু হবে মে মাসে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

কোর্স ফি: ৮৮,৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৪,২৫০ টাকা)। ফি তিনটি কিস্তিতে জমা দেওয়া যাবে।

ক্লাস হবে শনিবার দুপুর ৩টে থেকে সন্ধে ৬টা ১৫ মিনিট পর্যন্ত এবং রবিবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা ১৫ মিনিট পর্যন্ত।

অনলাইন আবেদন করতে হবে এই লিংকের মাধ্যমে: https://forms.eduqfix.com/iiftolform/add আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। মনে রাখবেন, আবেদনের সময় কোর্স ফিয়ের প্রথম কিস্তি অনলাইনে জমা দিতে হবে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টটি কম্পিউটারে সেভ করে রাখবেন।

আবেদনের পর মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতকের মার্কশিট-সহ ই-রিসিপ্ট ই-মেলে পাঠাতে হবে এই আইডি-তে: cdoe@iift.edu

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iift.ac.in

## আগরতলা এনআইটি-তে বিভিন্ন বিষয়ে গবেষণার সুযোগ

**নিজস্ব প্রতিনিধি:** আগরতলার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এনআইটি)-তে বিভিন্ন বিষয়ে পিএইচডি-র জন্য আবেদন করা যাচ্ছে। প্রার্থী নির্বাচনের জন্য লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ ২০ মে। আগ্রহীরা এখনই আবেদন করুন।

**কী-কী বিষয়:** গণিত, পদার্থবিদ্যা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, বায়ো ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। গেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন:** ৬ মে।

**আবেদন করার পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.nita.ac.in/ বিষয় অনুসারে বিশদ শিক্ষাগত যোগ্যতা এবং খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

## কর্মক্ষেত্রে কৃত্রিম মেধার কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) বা কৃত্রিম মেধা কীভাবে কর্মক্ষেত্রে সাহায্য করতে পারে, সেই বিষয়ে কোর্স করাবে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি। এই স্বল্পমেয়াদি কোর্সটির আয়োজক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ ট্রান্সলেশন অ্যান্ড কালচারাল স্টাডিজ। অনলাইন ও অফলাইন, দুই মাধ্যমেই ক্লাস হবে। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। ক্লাস শুরু হবে ২৪ মে।

**কোর্সের নাম:** আধুনিক কর্মক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। স্নাতক স্তরে পাঠরতরাও আবেদনের যোগ্য

**কোর্সের মেয়াদ:** ১২ সপ্তাহ

**আসন সংখ্যা:** ৬০

**ক্লাসের সময়:** প্রতি বুধবার রাত ৮টা থেকে সাড়ে ৯টা এবং শনিবার সন্ধে ৭টা থেকে রাত সাড়ে ৮টা

**ফি:** ৫,৫০০ টাকা

**পঠনপাঠনের মাধ্যম:** ইংরেজি, বাংলা এবং হিন্দি

**রেজিস্ট্রেশন ও ফি জমা দেওয়ার শেষ তারিখ:** ২০ মে

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://ums.nsouict.ac.in/Admission/Forms খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in


SOCIETY FOR TRIPURA MEDICAL COLLEGE &
Dr. B. R. AMBEDKAR MEMORIAL TEACHING HOSPITAL
(Registered under Societies Registration Act, 1860 having Registration No. 5770 of 2009)
Hapania, Agartala-799014, West Tripura
Telefax: 0381-237-3143/237-6657/237-4144
Website: www.tripuramedicalcollege.ac.in Email: tmc.agt@gmail.com

No.F.19.(PR-6)/SFTMC/2015 Dated: 18/04/2026

RECRUITMENT NOTIFICATION

The Society invites applications from the eligible candidates for recruitment to the post of **Senior Resident** of various departments.

For details please visit website of the Society- www.tripuramedicalcollege.ac.in.

Sd/-
Principal, TMC


## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মেডিক্যাল ফিজিক্সে পোস্ট-এম এসসি ডিপ্লোমা

**নিজস্ব প্রতিনিধি:** মেডিক্যাল ফিজিক্সে পোস্ট-এম এসসি ডিপ্লোমা কোর্স পড়াবে যাদবপুর বিশ্ববিদ্যালয়। ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এই কোর্সে ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

**শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি

**কোর্সের মেয়াদ:** ১ বছর

**আসনসংখ্যা:** ১০

**ক্লাসের সময়:** বিকেল ৫টা থেকে রাত ৯টা

**কোর্স ফি:** ১ লক্ষ ২০ হাজার টাকা। এর সঙ্গে যুক্ত হবে ১৮ শতাংশ জিএসটি

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন:** ২৯ এপ্রিল

**আবেদনের ফি:** ৫০০ টাকা

আবেদন করার পদ্ধতি এবং খুঁটিনাটি তথ্য জানতে দেখুন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: www.jadavpuruniversity.in

## আবেদনপত্র জমা দেওয়ার সময়সীমা বাড়াল ইগনু

**নিজস্ব প্রতিনিধি:** ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয়ে অনলাইন মাধ্যমে নানা বিষয়ের কোর্সে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার সময়সীমা বাড়ানো হল।

মুক্ত এবং দূরশিক্ষা (ওডিএল) ব্যবস্থা এবং অনলাইন মাধ্যমে একাধিক বিষয়ে উচ্চশিক্ষার সুযোগ দিচ্ছে ইগনু। ইতিহাস, অর্থনীতি, হিন্দি, রাষ্ট্রবিজ্ঞান, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ইত্যাদির পাশাপাশি তথ্য সুরক্ষা, ডেয়ারি ফার্মিং, পরিবেশ ইত্যাদি চাকরিমুখী বিষয় নিয়েও এই বিশ্ববিদ্যালয়ে স্নাতক, স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করা যাবে। পাশাপাশি ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্সও করা যাবে। প্রতিটি কোর্সে ভর্তির জন্য রয়েছে যোগ্যতার আলাদা মাপকাঠি। মেধার ভিত্তিতে বেশিরভাগ কোর্সে ভর্তির নেওয়া হয়।

সময়সীমা বৃদ্ধির পর আবেদনের শেষ দিন ২৬ এপ্রিল।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ignouadmission. samarth.edu.in বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।


CHANDIGARH UNIVERSITY
Discover. Learn. Empower.
QS UNIVERSITY RANKINGS ASIA 2026
INDIA'S NO. 1 PRIVATE UNIVERSITY For Three Consecutive Years

YOUR AMBITION DESERVES
A DREAM CAREER
India's No. 1 Private University
with Top Career Opportunities at the World's Leading Companies



"I always wanted to turn my passion for technology into a career. Chandigarh University made it possible, and
TODAY, I'M LIVING MY DREAM AT
Microsoft

SHANYA TREHAN
BE - CSE
Package
₹51 Lakh

PLACEMENT HIGHLIGHTS 2024-25
1300+ Companies Visited for Recruitment
10000+ Placement Offers
₹1.7 CRORE Highest Package (International)
₹54.75 LAKH Highest Package (National)
₹1.3 LAKH Highest Stipend during Internship

TOP RECRUITERS
Google, Microsoft, amazon, intel, IBM, NOKIA, SanDisk, Walmart Labs, AMERICAN EXPRESS
& many more...

REGISTER FOR cucet COMMON ENTRANCE TEST
https://cucet.cuchd.in
Chandigarh University Common Entrance Test (CUCET) is a national-level, merit-based scholarship-cum-entrance exam that is mandatory for admission to Engineering, MBA, Pharmacy, MCA, MPT, M.N&D., M.Opto., M.MLS (CB/CM), B.Psy, LLM, and Integrated Law programs at Chandigarh University. CUCET, offering scholarships worth ₹200 crore, also presents a significant opportunity for students across all programs to secure up to a 100% scholarship for their higher education.
SCHOLARSHIPS WORTH ₹200 CRORE
Scan QR Code to Avail Scholarship

CAMPUS: NH-05, Chandigarh-Ludhiana Highway, Gharuan, Mohali, Punjab
+91 99159-99224, 1800 1212 88800 | Website: www.cuchd.in
KOLKATA ADMISSION OFFICE HELPLINE - 98306 67988
ERGO Tower-A-1/4, Block EP & GP Block, Room No - 1602A, 16th Floor, Saltlake Sector 5

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ মার্চ-১ এপ্রিল

**২৪ মার্চ** প্যারিসের মেয়র নির্বাচনে জিতলেন বামপন্থী নেতা ইমানুয়েল গ্রেগোয়ার। রাজধানী প্যারিস-সহ ফ্রান্সের বেশিরভাগ শহরের পুরসভাগুলিতেই বামপন্থীরা বিপুল জনসমর্থন পেয়েছেন। প্যারিসে ৫২ শতাংশ ভোট পেয়ে নিজের নিকটতম প্রতিদ্বন্দ্বী তথা ফ্রান্সের অতিদক্ষিণপন্থী প্রাক্তন মন্ত্রী রাশিদা দাতিকে হারিয়েছেন ইমানুয়েল।

## বন্ধু দেশের জন্য হরমুজ খোলা, জানাল ইরান



২৬ মার্চ: পশ্চিম এশিয়ার গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালীকে ঘিরে জটিল পরিস্থিতির মধ্যে নিজেদের অবস্থান স্পষ্ট করে তেহরান জানাল, 'বন্ধু' দেশগুলির জন্য খোলা থাকবে হরমুজ। ইরানের এই বন্ধু দেশের তালিকায় রাশিয়া, চিন, পাকিস্তান এবং ইরাকের সঙ্গে ভারতও আছে। সরকারি এক বিবৃতিতে ইরান একথা জানিয়েছে। এর আগে ইরান ইঙ্গিত দিয়েছিল, যেসব দেশের সঙ্গে তাদের শত্রুতা নেই, তাদের জাহাজ চলাচলে কোনও বাধা দেওয়া হবে না। তবে কোন কোন দেশ এই সুবিধা পাবে, তা স্পষ্ট ছিল না। এদিন স্পষ্ট বার্তা দেওয়া হল।

**২৫ মার্চ** বিদেশ থেকে আসা অর্থের সাহায্যে যে ব্যক্তি বা সংস্থা ভারতে ধর্মান্তরণে সক্রিয় রয়েছে, সেই উদ্যোগকে রুখতে বিদেশি অনুদান আইন সংশোধনী আনল নরেন্দ্র মোদী সরকার। কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই বিলটি লোকসভায় পেশ করতে গেলে আপত্তি জানায় কংগ্রেস, তৃণমূলের মতো বিরোধী দলগুলি। বিরোধীদের দাবি অগ্রাহ্য করে বিলটি পেশের প্রস্তাব ধ্বনি ভোটে পাশ হয়ে যায়।

**বিরোধীদের প্রবল আপত্তির মধ্যেই** রাজ্যসভায় পেশ হল সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স (সিএপিএফ) বিল। বিলটি এনে সরকার সুপ্রিম কোর্টের নির্দেশ অগ্রাহ্য করছে, এই যুক্তিতে সরব হয়ে বিল পেশের বিরোধিতা করে বিরোধী দলগুলি। বর্তমানে বিভিন্ন আধা সামরিক বাহিনীতে (সিআরপিএফ, বিএসএফ, সিআইএসএফ, আইটিবিপি, এসএসবি) বিভিন্ন ধরনের আইন রয়েছে। সেগুলি এক ছাতার তলায় আনতে সিএপিএফ বিলটি এনেছে সরকার। বিলে আধাসেনার আইজি পর্যায়ের ৫০ শতাংশ, অতিরিক্ত ডিজি পর্যায়ের ৬৭ শতাংশ পদ এবং বিশেষ ডিজি ও ডিজি পদে আইপিএস অফিসারদের নিয়োগ করার কথা বলা হয়েছে। যা নিয়ে আপত্তি রয়েছে আধাসেনা কর্মীদের মধ্যে।

**বিশিষ্ট লেখক** রামকুমার মুখোপাধ্যায়ের উপন্যাস 'হর-পার্বতী কথা' ২০২৫ সালের সরস্বতী সম্মান পেল। কে কে বিড়লা ফাউন্ডেশনের পক্ষ থেকে ভারতীয় বিভিন্ন ভাষার সাহিত্যে এই পুরস্কার প্রদান করা হয়। বাংলা সাহিত্যে এর আগে কবি শঙ্খ ঘোষ ও সুনীল গঙ্গোপাধ্যায় এই সম্মান পেয়েছেন।

## ব্রহ্মসের পাল্লা দ্বিগুণ করার উদ্যোগ ভারতের




২৭ মার্চ: পশ্চিম এশিয়ার যুদ্ধের আবহে নিজেদের অস্ত্র-ভাণ্ডার আরও সমৃদ্ধ করতে সক্রিয় হল ভারত। সেনাবাহিনীর হাতে দ্বিগুণ পাল্লার ব্রহ্মস ক্ষেপণাস্ত্র তুলে দিতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহের নেতৃত্বে ডিফেন্স অ্যাকুইজিশন কাউন্সিল প্রায় ২.৩৮ লক্ষ কোটি টাকার বিভিন্ন প্রস্তাবে অনুমোদন দিল। উল্লেখ্য, ভারত-রাশিয়া যৌথ উদ্যোগে তৈরি ব্রহ্মস 'সুপারসনিক' (শব্দের চেয়ে বেশি গতিবেগ সম্পন্ন) ক্ষেপণাস্ত্রকে 'হাইপারসনিক' (শব্দের চেয়ে পাঁচগুণ বা তারও বেশি গতির) স্তরে উন্নীত করার সিদ্ধান্ত হয়েছে। পাশাপাশি, এস-৪০০ আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা এবং সুখোই-৩০ বিমানের ইঞ্জিনের সংস্কারের বিষয়টিও মন্ত্রিসভার কমিটির অনুমোদন পেয়েছে।



"এই বিলের (মহিলা সংরক্ষণ বিল) সঙ্গে মহিলাদের ক্ষমতায়নের কোনও সম্পর্ক নেই। ওই বিলের আড়ালে এ হল আসলে দেশের লোকসভা আসনের মানচিত্র পাল্টানোর চেষ্টা।"

**রাহুল গান্ধী**, *কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা*
সংসদে সংবিধান সংশোধনকারী মহিলা সংশোধনী বিল এনে ভোটাভুটিতে সম্মিলিত বিরোধী শক্তির কাছে নরেন্দ্র মোদী সরকারের পরাজয়ের পর

**২৮ মার্চ** নেপালের 'জেন জি' আন্দোলন দমনে বলপ্রয়োগ ও হত্যায় জড়িত থাকার অভিযোগে সেদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি গ্রেফতার হলেন। এই পদক্ষেপকে প্রতিহিংসা বলে বর্ণনা করেছেন ওলি। যদিও সেই তত্ত্ব খারিজ করে দিয়েছে শাসক দল রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টি।

**রেমন্ডের প্রাক্তন** চেয়ারম্যান বিজয়পত সিঙ্ঘানিয়া (৮৭) প্রয়াত হলেন। ২০০০ সাল পর্যন্ত দু-দশক ধরে চেয়ারম্যান হিসেবে রেমন্ডের শীর্ষ পদে ছিলেন তিনি। পেয়েছেন পদ্মভূষণ সম্মানও। অবসর নেওয়ার পর সংস্থার পরিচালনার ভার তাঁর ছেলে গৌতম সিঙ্ঘানিয়াকে দেন তিনি।

**পশ্চিম এশিয়ার সঙ্কটময়** পরিস্থিতিতে শ্রীলঙ্কাকে ৩৮ হাজার টন জ্বালানি (পেট্রল ও ডিজেল) দিয়ে সাহায্য করল ভারত। শ্রীলঙ্কাকে ইতিমধ্যেই জ্বালানির দাম প্রায় ২৫ শতাংশ বাড়াতে হয়েছে। এই পরিস্থিতিতে সেদেশে জ্বালানির জোগান যাতে অব্যাহত থাকে তা নিশ্চিত করতে ভারত পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। বাংলাদেশও ভারতের শোধনাগার থেকে ৪৫ হাজার টন ডিজেল আমদানি করার সিদ্ধান্ত নিয়েছে। ভারত-বাংলাদেশ মৈত্রী পাইপ-লাইনের মাধ্যমে ইতিমধ্যেই ৫ হাজার টন ডিজেল সেদেশে পাঠানো হয়েছে।

**২৯ মার্চ** ইরানের মিনাব শহরের প্রাথমিক স্কুলে ক্ষেপণাস্ত্র হামলার সবুজ সঙ্কেত দিয়েছিলেন মার্কিন নৌবাহিনীর যে দুই অফিসার তাদের নাম ও ছবি প্রকাশ করল ইরান। তাদের দূতাবাসের এক্স হ্যান্ডলে পোস্ট করে জানানো হয়েছে আমেরিকার 'ডেস্ট্রয়ার' শ্রেণির এক যুদ্ধ জাহাজের কমান্ডিং অফিসার লেই রিচার্ড টেট এবং সেই জাহাজেরই এগজিকিউটিভ অফিসার জেফ্রি ই ইয়র্কের নির্দেশে ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছিল।

## তালসারিতে শুটিং চলাকালে মৃত অভিনেতা রাহুল



২৯ মার্চ: দিঘার অদূরে তালসারিতে শুটিং করতে গিয়ে সমুদ্রে ডুবে মারা গেলেন বাংলা ধারাবাহিকের জনপ্রিয় অভিনেতা রাহুল অরুণোদয় বন্দ্যোপাধ্যায়। ধারাবাহিক 'ভোলে বাবা পার করে গা'-র শুটিংয়ের সময়ই ঘটনাটি ঘটে। রাহুলকে উদ্ধারের পর হাসপাতালে নিয়ে গিয়েও বাঁচানো যায়নি।

**৩০ মার্চ** টাকার দরকে তলানিতে ঠেলে মার্কিন ডলার নজিরবিহীন ভাবে পেরোল ৯৫ টাকা। সংসদীয় অধিবেশনে দাঁড়িয়ে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন টাকার দরের পতনে চিন্তার কিছু নেই বলে জানালেও বিরোধীরা তীব্র প্রতিবাদ জানান। এদিন শেয়ার-সূচক সেনসেক্সও দেড় হাজারের বেশি পড়ে ৭১ হাজারের ঘরে নেমেছে। লগ্নিকারীরা ১২ লক্ষ কোটি টাকার শেয়ার সম্পদ হারিয়েছেন। পরিসংখ্যান জানাচ্ছে, ২০২৫-২৬ অর্থবর্ষে টাকা পড়েছে ৯.৮৮ শতাংশ। যা ২০১১-১২ সালের ১২.৪ শতাংশের পতনের পরে গত ১৪ বছরে সর্বাধিক।

**৩১ মার্চ** পশ্চিম এশিয়া বা রাশিয়া-ইউক্রেন সংঘাতের মতো সমস্যার সমাধানে সংলাপ ও পারস্পরিক শ্রদ্ধার উপর জোর দিলেন চতুর্দশ দলাই লামা। পোপ লিও-র শান্তির আহ্বানকে সমর্থন জানিয়ে তিনি বলেন, সব ধর্মই ভালোবাসা, সহনশীলতা ও করুণার শিক্ষা দেয়। হিংস্রতা কখনও স্থায়ী সমাধান আনতে পারে না।

**ইরানের উপর হামলা চালানোর** সঙ্গে সঙ্গে প্যালেস্টাইনিদের উপর দমন নীতিও অব্যাহত রেখেছে ইজরায়েল। সেদেশের পার্লামেন্ট এদিন এক আইন পাশ হয়েছে, যাতে দোষী সাব্যস্ত প্যালেস্টাইনি মাত্রেই মৃত্যুদণ্ডের আওতায় আসেন। জাতীয় সুরক্ষা মন্ত্রী বেন গাভির উদ্যোগে নির্মিত আইনটি ৬২-৪৮ ভোটে পাশ হয়েছে। প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু আইনটির পক্ষে ভোট দিয়েছেন। বিভিন্ন মানবাধিকার সংগঠন এই আইনকে পরোক্ষ জাতিবিদ্বেষ ব্যবস্থার সমতুল বলে বর্ণনা করেছে। প্যালেস্টাইনিরা ওয়েস্ট ব্যাঙ্কে এই আইনের প্রতিবাদে বিক্ষোভে শামিল হয়েছেন।

**সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডার** (জিওসিইনসি) হলেন লেফটেন্যান্ট জেনারেল ভি এম বি কৃষ্ণন। তিনি এর আগে দিল্লির সেনা সদরে কোয়ার্টার মাস্টার জেনারেল পদে ছিলেন। কৃষ্ণন পূর্বতন পূর্বাঞ্চলীয় কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল রামচন্দর তিওয়ারির স্থলাভিষিক্ত হয়েছেন।

## নেপালের প্রধানমন্ত্রী পদে শপথ বলেন্দ্রর



২৭ মার্চ: নেপালের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন বলেন্দ্র শাহ। দেশের ৪৭তম প্রধানমন্ত্রী হিসেবে তাঁকে শপথবাক্য পাঠ করালেন নেপালি প্রেসিডেন্ট রামচন্দ্র পৌড়েল। প্রসঙ্গত, গত সেপ্টেম্বরে জেন জি আন্দোলনের জেরে ক্ষমতা ছাড়তে বাধ্য হন প্রাক্তন প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি। অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেন দেশের প্রাক্তন বিচারপতি সুশীলা কারকি। তত্ত্বাবধায়ক সরকারের নেতৃত্বেই হওয়া নির্বাচনে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসে বলেন্দ্র শাহ-র দল রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টি (আরএসপি)। ক্ষমতায় আসার পরই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুভেচ্ছা জানিয়েছেন নেপালের প্রধানমন্ত্রীকে।

**১ এপ্রিল** বিরোধী-শূন্য রাজ্যসভায় পাশ হল সিএপিএফ বিল। কয়েকদিন আগে বিলটি পেশ হওয়ার পরে বিরোধীদের দাবি ছিল, স্পর্শকাতর বিলটিকে পাঠানো হোক সংসদীয় সিলেক্ট কমিটিতে। সরকার সেই দাবি না মানায় বিল নিয়ে আলোচনার শেষে বিরোধীরা রাজ্যসভার কক্ষ ত্যাগ করেন। বিরোধী-শূন্য রাজ্যসভায় ধ্বনি ভোটে বিলটি পাশ করিয়ে নেয় শাসক শিবির। দেশের প্রাক্তন আধা সেনা কর্তাদের একাংশও এই বিল পাশ করা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন।

**অন্ধ্রপ্রদেশের নতুন রাজধানী হিসেবে** অমরাবতীকে বেছে নেওয়ার জন্য সংশোধিত অন্ধ্রপ্রদেশ পুনর্গঠন বিলটি লোকসভায় পাশ হল। কংগ্রেস বিলটিকে সমর্থন জানালেও দাবি করেছে, যেসব কৃষক জমি দিয়েছেন তাঁরা যাতে ক্ষতিপূরণ পান তা নিশ্চিত করতে হবে সরকারকে। অন্যদিকে, অন্ধ্রের রাজনীতিতে বিরোধী দল ওয়াইএসআরপি-র সাংসদ মিঠুন রেড্ডি বলেছেন, ৩৪ হাজার একর জমি কৃষকদের কাছ থেকে সংগ্রহ করা হয়েছে অমরাবতী গড়ার লক্ষ্যে। বিনিময়ে কৃষকদের অর্থ, জমি, আবাস, সন্তানদের বিনামূল্যে শিক্ষার প্রতিশ্রুতি দিয়েছিল চন্দ্রবাবু নায়ডুর সরকার। কিন্তু প্রতিশ্রুতি পালন হয়নি অভিযোগ তুলে ওয়াকআউট করেন ওয়াইএসআরপি-র সাংসদরা।

## অবসরে মারিন



২৬ মার্চ: ৩২ বছর বয়সেই ব্যাডমিন্টনকে বিদায় জানালেন অন্যতম সেরা স্প্যানিশ ব্যাডমিন্টন তারকা ক্যারোলিনা মারিন। ২০১৬ রিয়ো অলিম্পিক্সে সোনাজয়ী এবং তিনবারের বিশ্বচ্যাম্পিয়ন মারিন নিজেই সমাজমাধ্যমে অবসরের সিদ্ধান্ত জানিয়েছেন।

## আমেরিকায় ট্রাম্প বিরোধী বিক্ষোভে জনস্রোত




২৯ মার্চ: ইরান যুদ্ধ-সহ ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের বিভিন্ন নীতির বিরুদ্ধে প্রতিবাদে আমেরিকায় লক্ষাধিক মানুষ বিক্ষোভে শামিল হলেন। রাজধানী ওয়াশিংটন ডিসি থেকে শুরু করে নিউ ইয়র্ক, লস অ্যাঞ্জেলেস, টেক্সাস, বস্টন, দেশের প্রায় সবক'টি বড় শহর তো বটেই, ছোট ছোট শহরগুলোতেও পথে নামেন হাজার হাজার জনতা। বিক্ষোভ কর্মসূচির আয়োজকদের দাবি, অন্তত ৯০ লক্ষ মানুষ বিক্ষোভে অংশ নেন। বিক্ষোভকারীদের মুখে ছিল, 'পুট ডাউন দ্য ক্রাউন, ক্লাউন', আর 'রেজিম চেঞ্জ বিগিনস অ্যাট হোম' এর মতো স্লোগান। অনেক জায়গাতেই বিরোধী ডেমোক্র্যাট নেতা-নেত্রীদেরও বিক্ষোভে অংশ নিতে দেখা গিয়েছে।

# ভারত পেট্রোলিয়ামে ২৪৮

ডিপ্লোমা।

সমতুল ইঞ্জিনিয়ারিং বিষয়গুলি হল— ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স। ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন। ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। কেমিক্যালের ক্ষেত্রে পেট্রোকেমিক্যাল। পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

বয়স: ১-৪-২০২৬ তারিখে ৩২ বছরের মধ্যে।

অ্যাকাউন্টস: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সেই সঙ্গে সিএ বা সিএমএ ইন্টারমিডিয়েট পাশ।পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-৪-২০২৬ তারিখে ৩০ থেকে ৩৫ বছরের মধ্যে।

**ওয়েসাইড অ্যামেনিটিস** (হাইওয়ে রেস্ট স্টপস): ১০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বি কম বা বি এসসি বা বিবিএ বা বিএমএস বা বিএইচএম। সঙ্গে রিটেল, হসপিটালিটি বিষয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-৪-২০২৬ তারিখে ৩২ বছরের মধ্যে।

**অ্যাসোসিয়েট এক্সিকিউটিভ: কোয়ালিটি অ্যাশিওরেন্স:** ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** অর্গ্যানিক বা ইনঅর্গ্যানিক বা ফিজিক্যাল বা অ্যানালিটিক্যাল বা পলিমার কেমিস্ট্রিতে স্পেশ্যালাইজেশন-সহ কেমিস্ট্রিতে এম এসসি। স্নাতকোত্তরে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এ ছাড়াও কোনও কেমিক্যাল ল্যাবোরেটরিতে অন্তত ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

*প্রথম পাতার পর*

বয়স: ১-৪-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে।

**বেতনক্রম:** সেক্রেটারি ও জুনিয়র এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৩০,০০০-১,২০,০০০ টাকা এবং অ্যাসোসিয়েট এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন, গ্রুপ টাস্ক ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bharatpetroleum.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ১৭ মে পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই ছাড়াও শিক্ষাগত যোগ্যতা, বয়স, কাজের অভিজ্ঞতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১,১৮০ টাকা (জিএসটি-সহ)। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তেরও এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নিন। এটি পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# টেরিটোরিয়াল আর্মিতে অফিসার

নিজস্ব ব্যবসা বা অসামরিক চাকরি বজায় রেখেও সেনাবাহিনীর সঙ্গে যুক্ত হতে চাইলে টেরিটোরিয়াল আর্মিতে অফিসার হিসেবে যোগ দেওয়ার সুযোগ নিতে পারেন। প্রার্থীকে সরকারি বা আধা-সরকারি বা বেসরকারি সংস্থায় চাকরিরত বা স্বনিযুক্ত হতে হবে। তবে সামরিক বাহিনীতে চাকরির উপযোগী দৈহিক সক্ষমতা অবশ্যই থাকতে হবে তাঁর। প্রাক্তন সমরকর্মীরাও আবেদনের যোগ্য।

শূন্যপদ: ১২টি (পুরুষ ১১, মহিলা ১)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বয়স: ১৯-৫-২০২৬ তারিখে ১৮ থেকে ৪২ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে। পরীক্ষা ১২ জুলাই। পরীক্ষা হবে তিনটি পার্টে। প্রথম পার্টে থাকবে রিজনিং (৪০ নম্বর), দ্বিতীয় পার্টে জেনারেল নলেজ (৩০ নম্বর) এবং তৃতীয় পার্টে ইংলিশ (৩০ নম্বর)। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। সময় ২ ঘণ্টা।

নিয়োগ হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সেই সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। ব্রিগেডিয়ার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.indianarmy.nic.in দরখাস্তের শেষ তারিখ ১৯ মে। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।


**Phil Group**
COAL-STEEL-POWER

**REQUIREMENT**

**Phil Group** a leading organisation in Coal, Steel & Power invites application n from experienced and dynamic professionals for Units at Vill: **Nirtu, Bilaspur & Raigarh (C.G.)**

**STEEL/DRI/SPONGE DIVISION**

**CEO/PLANT HEAD (DRI+SMS+POWER PLANT)** — 1 Nos.
**Qualification:** BE/B. Tech/Mech/Chem/Relevant Degree
**Experience:** 20-30 Years (Exposure to Integrated Steel Plant)

**G.M.-MECHANICAL (DRI / SPONGE IRON)** — 1 Nos.
**Qualification:** Diploma / B.Tech / M.Tech / B.E. (MECH)
**Experience:** 15 Years or above In DRI / Sponge Iron

**AGM MECHANICAL (DRI / SPONGE IRON)** — 2 Nos.
**Qualification:** Diploma/B.Tech / M.Tech / B.E. (MECH)
**Experience:** 15 Years or above In DRI / Sponge Iron

**AGM PROCESS (DRI/SPONGE IRON)** — 2 Nos.
**Qualification:** Diploma / M.Tech / B.E. (TECH) / B.E. (METG)
**Experience:** 12 Years or above In DRI / Sponge Iron

**MANAGER-SAFETY (STEEL INTEGRATED PLANT)** — 1 Nos.
**Qualification:** Diploma / Degree (Fire & Safety)
**Experience:** 8 Years or above in Industrial Safety

**IT MANAGER ( HARDWARE/ NETWORKING/SOFTWARE)** — 1 Nos.
**Qualification:** Comp Science ( B.Sc/M.Sc/BCA/ MCA/B.E/ B.Tech / Any other
**Experience:** 5 Years and above in Hardware, Software, Networking, CCTV in manufacturing set up

**CHP & COAL WASHERY DIVISION**

**MANAGER - PROCESS (Coal Washery)** — 1 Nos.
**Qualification:** Diploma / B.Tech / M.Tech / B.E. (MECH)
**Experience:** 8 Years and above in Coal Washery Operation

**MANAGER-OPERATION & MAINTENANCE (Coal Washery)** — 3 Nos.
**Qualification:** Diploma / B.Tech / M.Tech / B.E. (MECH)
**Experience:** 7 Years and above in Operation & Maintenance

**ASST. MANAGER-OPERATION & MAINTENANCE (Coal Washery)** — 3 Nos.
**Qualification:** Diploma / B.Tech / M.Tech / B.E. (MECH)
**Experience:** 5 Years and above in Operation & Maintenance

**ASST. MANAGER-OPERATION (Coal Washery)** — 3 Nos.
**Qualification:** Diploma / B.Tech / M.Tech/B.E. (MECH)
**Experience:** 7 Years and above in Operation Coal Washery

**SHIFT IN CHARGE- PROCESS & MAINTENANCE (Coal Washery)** — 4 Nos.
**Qualification:** ITI / Diploma / BE / B.Tech
**Experience:** 5 Years & above in coal Washery

**SALARY: NO BAR FOR THE RIGHT CANDIDATE**
**LOCATION: VILL. NIRTU, BILASPUR & RAIGARH (CHHATTISGARH)**

**CONTACT MAIL ID: hr.steel@philgroup.co.in | CONTACT NO: 9109542204**
An Equal Opportunity Employer.



বিজ্ঞাপন

# আইআইএইচএম স্কিলসের হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্টে ডিপ্লোমা



উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশের পরে প্রথাগত পড়াশোনা বা ডিগ্রি ছেড়ে কম সময় ও সীমিত পুঁজি নিয়ে জীবিকামুখি পড়াশোনা যাঁরা করতে চাইছেন তাঁদের পথ দেখাচ্ছে আইআইএইচএম-এর ইন্সটিটিউট অব হসপিটালিটি স্কিলস। এই প্রতিষ্ঠান (আইআইএইচএস) হোটেল ও হসপিটালিটি পরিচালনায় ছাত্রছাত্রীদের বিশেষ ভাবে প্রশিক্ষণ দেয়। এই শিল্পে কেরিয়ার গড়ার লক্ষ্যে শিক্ষার্থীদের মানসম্পন্ন শিক্ষা এবং ব্যবহারিক দক্ষতা প্রদানের জন্য এদের সুনাম রয়েছে। বিদেশে শীর্ষ হোটেল এবং রিসর্টগুলিতে ইন্টার্নশিপ করার এবং নিয়োগের সুযোগ পান আইআইএইচএস-এর পড়ুয়ারা। কারণ বিশ্বের প্রথম সারির ৫০টির বেশি সংস্থার সঙ্গে শিক্ষা ও শিল্পবাণিজ্য ক্ষেত্রে মউ স্বাক্ষর করেছে আইআইএইচএম। হোটেল অ্যান্ড হসপিটালিটি, ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস, ফ্রন্ট অফিস সামলানো, মিটিং, কনফারেন্স ইত্যাদি ইভেন্ট প্ল্যান করা, সেফ বা রাঁধুনি হওয়ার মতো হোটেল ও অতিথি পরিষেবার একাধিক ট্রেনিং হাতেকলমে শিখিয়ে নিশ্চিত উপার্জনের পথ প্রশস্ত করছে এই প্রতিষ্ঠান।

এছাড়া এখানকার ছাত্রছাত্রীরা টিএইচএসসি-র (ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি স্কিল কাউন্সিল) অ্যাপ্রুভড কোর্সগুলি পড়ার সুযোগ পাবেন এবং পরবর্তীকালে টিএইচএসসি-র পরীক্ষা দিয়ে টিএইচএসসি-র সার্টিফিকেটও পাবেন।

এখানকার ছাত্রছাত্রীরা বিদেশ শীর্ষ হোটেল এবং রিসর্টগুলিতে ইন্টার্নশিপ করার সুযোগ পান। ইন্টার্নশিপ করার সময় তাঁরা যে বেতন পান তাতে অনেকটাই পড়ার খরচ উঠে আসে। ইন্সটিটিউট কর্তৃপক্ষ দাবি করে নিশ্চিত প্লেসমেন্টের। একথা তাদের ওয়েবসাইটে লেখা আছে। কলকাতার আইআইএইচএস হোটেল এবং পর্যটন অধ্যয়নের জন্য একটি পুরস্কারপ্রাপ্ত কেন্দ্র। পশ্চিমবঙ্গে কলকাতার পাশাপাশি শিলিগুড়ি, কালিম্পং এবং রাজ্যের বাইরে নতুন দিল্লি, জয়পুর, পুণে, উদয়পুর, হায়দরাবাদ, আমেদাবাদ, শিলং, রাজস্থানের কুচামান সিটি, বেঙ্গালুরু, গোয়া, দেরাদুন ও কুর্গে এদের শাখা আছে।

এই শিক্ষা প্রতিষ্ঠানে দু'টি ডিপ্লোমা কোর্স করা যায়। কোর্সগুলির মেয়াদ ১ বছর। সেগুলি হল: ১) ডিপ্লোমা ইন লাক্সারি হোটেল অ্যান্ড হসপিটালিটি অপারেশনস, ২) ডিপ্লোমা ইন কালিনারি আর্টস। কলকাতায় এই প্রতিষ্ঠানে এই দু'টি ডিপ্লোমা কোর্সের সারা বছরে তিনটি (মে, অগস্ট, ডিসেম্বর) সেশন আছে। শিলিগুড়ি ও কালিম্পং শাখায় দু'টি সেশন আছে। শিলিগুড়িতে ফেব্রুয়ারি ও অগস্ট মাসে এবং কালিম্পঙে এপ্রিল ও নভেম্বর মাসে সেশন শুরু হয়।

## কোর্স

● **ডিপ্লোমা ইন লাক্সারি হোটেল অ্যান্ড হসপিটালিটি অপারেশনস**

**কী পড়ানো হয়:** মেজর অপারেশন অব হসপিটালিটি ইন্ডাস্ট্রি, কালিনারি ফুড অ্যান্ড বেভারেজ, ফ্রন্ট অফিস অ্যান্ড অফিস কিপিং ইত্যাদি। একটি হোটেল চালানোর জন্য যে যে প্রশিক্ষণ প্রয়োজন তা সব দেওয়া হয়।

**সময়:** ১ বছর। এর মধ্যে ৬ মাস ইন্টার্নশিপ।

● **ডিপ্লোমা ইন কালিনারি আর্টস**


**কী পড়ানো হয়:** বেসিক কিচেন স্কিল, কালিনারি ওয়ার্ডে ঢোকার জন্য প্রাথমিক ভাবে প্রস্তুত করে দেওয়া হয়।


**সময়:** ১ বছর। এর মধ্যে ৪ মাস ইন্টার্নশিপ।

**শিক্ষাগত যোগ্যতা:** দু'টি ডিপ্লোমা কোর্সের জন্য অন্তত উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ।

**বয়স:** ন্যূনতম ১৮ বছর।

**যোগাযোগ:** ফোন- ৮৪২০১-৬৬৬৬৬, ৮২৭৪৮-৭৫২২২। বিস্তারিত জানতে ওয়েবসাইট দেখুন: www.iihmskills.com





আমাদের ম্যাট্রেসের বিশাল সম্ভারে পাচ্ছেন 20% পর্যন্ত ছাড় এবং পিলো পাচ্ছেন 150 টাকা থেকে*

এক্সচেঞ্জ উপলব্ধ

কার্ডে ইএমআই-এর মাধ্যমে 7500 টাকা পর্যন্ত সাশ্রয় করুন


AXIS BANK | HDFC BANK | SBI card

ফিনান্স পার্টনার্স (নো কস্ট ইএমআই উপলব্ধ)

pine labs PAY LATER | BAJAJ FINANCE

আপনার ই-ক্যাটালগ কপি পাওয়ার জন্য স্ক্যান করুন

*নিয়ম ও শর্তাবলী প্রযোজ্য। বিস্তারিত শর্তাবলীর জন্য আমাদের ওয়েবসাইট দেখুন। এসি-র অফার কিচেন প্রোডাক্টের ক্ষেত্রে প্রযোজ্য নয়।





সামার চিল ডিল্‌স

30% পর্যন্ত ছাড়* পান

এবং একটি ফ্রি গোদরেজ এসি পান*



# interio by Godrej

ফার্নিচার • কিচেন • ম্যাট্রেস

www.interio.com

**Interio by Godrej Showroom:** Brabourne Road 9830538438 Park Street 9830147811 Dhakuria 8017130737 Salt Lake 7003487914 VIP Road 9821101082 Madhyamgram 8051699990 Behala Chowrasta 9674356566 Bhawanipur (Homeland Mall) 6289907958 Budge Budge 9073374834 Garia 9674759104 Howrah (Avani Riverside Mall) 9230987425 Joka 9748666548 Kankurgachi 9163543882 Kasba (Bosepukur) 7688010154 Rajarhat (Axis Mall) 6291900562 Narendrapur (Mandir Gate) 7439512182 Rajarhat (Jagardanga More) 9903417595 Tobin Road (B.T.Road) 9674759102 **Interio by Godrej Dealers:** Asansol 7479041341 Alipurduar 9593800963 Bankura 9609072072 Bardhaman 9830373412 Barrackpur 7605036441 Berhampore 9382760628 Barasat 6290445347 Bongaon 9330857920 Chinsurah 8159933236 Chaitanyapur 8373085605 Contai 9064781835 Cooch Behar 9733391000 Dubrajpur 8334950505 Durgapur 7001071731 Howrah 9073642913 Jalpaiguri 9614294702 Kharagpur 9674308866 Kalyani 9051082200 Kotasur 7001531150 Kanchrapara 6290439450 Krishnanagar 9775001151 Medinipur 9674356568 Malda 9734100868 Siliguri 9832063174, 9434046764 Pandua 9153111110 Purulia 9609091091 Suri 9051974431 Ukhra 8001206660 **Interio by Godrej Distributors:** Alipurduar 9593800963 North 24 (PGNS), South 24 (PGNS) & Howrah 9830399611 Hooghly, Nadia & East Bardhaman 9153111110 Malda, North Dinajpur & South Dinajpur & Murshidabad 9734100868 Durgapur 7001071731 Chaitanyapur 9733008851 Kharagpur 9732653469 Bankura & Purulia 9609091091 Siliguri 9434046764 **Interio by Godrej Mattress Dealer:** Garia 9830963394 Netaji Nagar 9830090781 Rash Behari 9831208333 **Interio by Godrej Mattress Distributors:** Birbhum 9332109371 Hooghly, Nadia & Bardhaman 9153111110 North 24 (PGNS), South 24 (PGNS) & Howrah 9830399611 Malda, North Dinajpur & South Dinajpur & Murshidabad 9734100868 **Exclusive Brand Outlet:** Andal 7908349933 Andul 9073642883 Arambagh 9609650357 Barjora 9609080080 Baruipur 8981451775 Bardhaman 8945865828 Belda 9883420370 Basirhat 9434109220 Chandrokona Road 9614469131 Chandipur 8373085605 Charghat 9647279676 Chuchura 8159933236 Canning 9242795237 Chakdah 9332007576 Dankuni 6295445705, Dhaniyakhali 9382567273 Debra 9732618220 Dhaniyakhali 9382567273 Duttapukur 9432846016 Dhulian 9434314650 Domkal 9434534360 Egra 9046685545 Falta 9647297926 Galsi 8509371515 Golbazar 9674356563 Gushkara 6295662363 Hatiberia 9609477291 Haldia 9609477291 Indpur 9933989711 Jhargram 9614469131 Jiaganj 9832716089 Kakdwip 8637565633 Kalachora 8016910873 Kalna 8250533032 Kandi 9434364478 Karimpur 7076148241 Katwa 7365031378 Khatra 9609084084 Kotulpur 8250750608 Krishnamohan Station 9330950358 Mathurapur 9433203246 Memari 6294919080 Nagarukhra 8001049354 Raghunathgunj 9434125010 Raiganj 9434423444 Rampurhat 9153488200 Ramnagar 9832246286 Nimtouri 8653797100 Rupnarayanpur 9679602889 Serampore 7003662417 Singur 9969282919 Talla 9732509158 Tarakeswar 9332942196 **Interio by Godrej Kitchen Gallery:** Asansol 9564296966 / 9609101008 Bardhaman 7810806798 Durgapur 7001494821 / 9434006822 Barrackpore 9903417595 BT ROAD 8697977448 Behala 9674344144 Homeland Mall 9830729611 Budge Budge 9674344144 Garia 8697977448 Avani Mall 9830729611 Joka 9231597505 Kankurgachi 9903205371 / 9830025771 Kasba 9902764211 Narendrapur 9830729611 Axis Mall 9830729611 Garia Mohamayatola 8582894430 / 9831036923 Thakurpukur 9073110678 Tollygunge 8697977448 Joka 9903674505 Kharagpur 9732653469, 9647110571 Ukhra 8609111376 Siliguri 9083622226, 9734842481, Cooch Behar 6295758926, 9434136654, Malda 9933797759 Bolpur 9732203408 Park street 9830729611 **FOR DEALERSHIP ENQUIRIES,** CALL 9830823600 / 9167378011 / 9836207555 **FOR MODULAR KITCHEN,** CALL 8697640002 / 9831540129

জলে-জমিতে কর্মক্ষেত্র

# সবুজ সার ধইঞ্চা



**রাসায়নিক সারের বদলে জমিতে জৈব সার প্রয়োগ লাভজনক এই কারণে যে, তার ভিতরে থাকা মাটির খাদ্য-উপাদান দীর্ঘমেয়াদে কার্যকরী থাকে এবং তুলনায় অনেক কম খরচে কৃষকেরা নিজেদের জমিতে সহজে এই জৈব সার উৎপাদন করে নিতে পারেন। বর্ষা ভালো ভাবে আসার আগেই জমিতে সবুজ সার, ধইঞ্চার চাষ করা যায়। রাসায়নিক সারের প্রয়োগ পরিবেশ ও স্বাস্থ্যের সমূহ ক্ষতি করে। সবুজ সার তা ঠেকাবে। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**

চাষে আশানুরূপ ফলন পেতে হলে মাটির উর্বরতা বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। দীর্ঘমেয়াদি চাষের জন্য মাটির স্বাস্থ্য ঠিক রাখা দরকার। আর এ জন্যই জৈব সারের প্রয়োগ আবশ্যিক। জৈব সারে প্রধান খাদ্য-উপাদান নাইট্রোজেন, ফসফরাস ও পটাশ ছাড়াও বেশ কিছু অণুখাদ্য মজুত থাকে। যদিও সেগুলি পরিমাণে রাসায়নিক সারের তুলনায় অনেকটাই কম। তবে জৈব সার প্রয়োগ করলে, জমির মাটির মধ্যে এই সব প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ খাদ্য-উপাদানগুলি দীর্ঘ সময় ধরে কার্যকরী থাকে। নানান রকমের জৈব সার প্রয়োগ করা যেতে পারে। যেমন– আবর্জনা বা কম্পোস্ট সার, গোবরসার, কেঁচোসার, পোলট্রি সার, খইল এবং সবুজ সার।

## সবুজ সার কী উপকার করে

সবুজ সার ব্যবহার করলে নানান ভাবে কৃষকের জমির উপকার হয়–

✓মাটির গ্রন্থন উন্নত হয়। এ ছাড়াও মাটির মধ্যে বাতাস চলাচল সাবলীল হয়। মাটির জলধারণ ক্ষমতা বৃদ্ধি পায়

✓মাটিতে প্রধান ও অণুখাদ্য-উপাদানের জোগান বাড়ে এবং মাটির উর্বরতা বৃদ্ধি পায়


✓মাটির মধ্যে বসবাসকারী উপকারী জীবাণুদের কার্যকারিতা বাড়ে

✓ফসলের উৎপাদন ও গুণমান বৃদ্ধি পায়

✓মাটির মধ্যে মজুত হওয়া খাদ্য-উপাদানগুলি দীর্ঘ সময়ের জন্য কার্যকরী থাকে

## সবুজ সার ধইঞ্চার কার্যকারিতা

ধইঞ্চা একটি উল্লেখযোগ্য সবুজ সার। ধইঞ্চা শিম্ব গোত্রীয় উদ্ভিদ। এই উদ্ভিদের মাটির নীচে থাকা শিকড়ের উপরিভাগে অসংখ্য গুটি উৎপন্ন হয়। গুটির মধ্যে রাইজোবিয়াম প্রজাতির ব্যাকটেরিয়া বা জীবাণু বসবাস করে,



যাদের বাতাসের নাইট্রোজেন মাটিতে আবদ্ধকরণের অসীম ক্ষমতা রয়েছে। এ ছাড়াও এই উদ্ভিদের মাটির উপর উৎপন্ন হওয়া পাতা সমেত ডালপালার মধ্যেও প্রধান খাদ্য ও অণুখাদ্য-উপাদান মজুত রয়েছে, যা পচনের মাধ্যমে জৈব সারে পরিণত হওয়ার পর মাটিতে মিশিয়ে দিলে মাটির উর্বরতা দীর্ঘ সময়ের জন্য বৃদ্ধি পাবে। বৃদ্ধির সময় ধইঞ্চা মাটির উপরিভাগ ঢেকে রাখে, তার ফলে জমিতে আগাছার উপদ্রব অনেক কম হয়

## ধইঞ্চার আবশ্যিক গুণাবলি

সবুজ সার তৈরির জন্য ধইঞ্চা-র নিম্নলিখিত গুণগুলি থাকতে হবে–

✓গাছকে শিম্ব গোত্রীয় উদ্ভিদ হতে হবে

✓দ্রুত বেড়ে ওঠার ক্ষমতা থাকতে হবে

✓মাটিতে প্রয়োগের পর দ্রুত পচে মাটির সঙ্গে মিশে যেতে হবে

✓ধইঞ্চা গাছের ডালপালা কচি ও নরম হতে হবে

✓রোগ ও পোকামাকড়ের আক্রমণ থেকে গাছকে মুক্ত হতে হবে

## বীজ বোনা

বর্ষার ঠিক আগে ধইঞ্চা বীজ বোনার জন্য তৈরি থাকতে হবে। বর্ষা পুরোমাত্রায় আসার আগেই হঠাৎ এক পশলা বৃষ্টির সুযোগ নিয়ে ফাঁকা জমিতে ধইঞ্চার বীজ ছিটিয়ে বুনে দিতে হবে। বিঘা প্রতি ১.৫-২ কেজি বীজের প্রয়োজন হবে। বপনের পূর্বে প্রয়োজনে বীজগুলি ৮-১০ ঘণ্টা জলে ভিজিয়ে নিলে ভালো হয়। এর ফলে মাটিতে ছড়ানো বীজের অঙ্কুরোদ্গম দ্রুত হয়।

## বাড়ন্ত গাছ জমিতে মিশিয়ে দেওয়া

ফুল আসার আগে, গাছের বয়স ৩০-৪০ দিন হলেই নরম ডালপালা সমেত সমগ্র ধইঞ্চার গাছকে লাঙলের সাহায্যে মাটিতে মিশিয়ে দিতে হবে। বর্ষাকালীন বৃষ্টির জলে, মাটিতে পড়ে থাকা ধইঞ্চা গাছ পচে, মাটির সঙ্গে জৈব সার হিসেবে মিশে যাবে। সঠিক ভাবে পচনের জন্য ১৫ দিন সময় দিতে হবে। বর্ষাকালীন আমন ধান চাষের জন্য সবুজ সার খুবই উপযুক্ত।

## খাদ্য-উপাদানের পরিমাণ

১ বিঘা জমিতে ধইঞ্চা সবুজ সার হিসেবে চাষ করে মাটিতে মিশিয়ে দেওয়ার ফলে এর শিকড়ে উৎপন্ন হওয়া গুটিগুলির মাধ্যমে মাটির সঙ্গে ৮-১০ কেজি নাইট্রোজেন যুক্ত হবে, যা সাধারণত ১৮-২২ কেজি ইউরিয়া সারের থেকে পাওয়া যায়। এ ছাড়াও গাছের পাতা ও ডালপালার মাধ্যমে যে-পরিমাণ সবুজ সার উৎপন্ন হবে তার পরিমাণ ২-২.৫ মেট্রিক টন। সবুজ সারের মধ্যে পাওয়া যাবে প্রায় ৩.৫ শতাংশ নাইট্রোজেন, ০.৬ শতাংশ ফসফরাস এবং ১.২ শতাংশ পটাশ। তুলনায় অনেক কম খরচে নিজের জমিতেই কৃষকেরা সবুজ সার তৈরি করে নিতে পারবেন।

# আধুনিক পদ্ধতিতে কৃষিকাজের মাধ্যমে নিজের পায়ে দাঁড়ানোর প্রশিক্ষণ

### বিনামূল্যে ১০ মাসের আবাসিক প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** কৃষি-ভিত্তিক বিভিন্ন কাজের মাধ্যমে নিজের পায়ে দাঁড়ানোর নানা পথ ও সম্ভাবনা রয়েছে। কিন্তু সেই পথ ও সম্ভাবনাগুলি কী? ১০ মাসের প্রশিক্ষণে সেই বিষয়েই জানাবে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়া যাবে। শুধু ছেলেরা এই প্রশিক্ষণ নিতে পারবেন। থাকা-খাওয়া, প্রশিক্ষণ বাবদ কার্যত খরচ নেই। কেবল রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০০ টাকা এবং কশান ফি বাবদ ২০০ টাকা দিতে হবে। প্রশিক্ষণ শেষে কশান ফি বাবদ জমা টাকা ফেরত পাওয়া যাবে।

প্রার্থীকে অন্তত মাধ্যমিক পাশ হতে হবে। উচ্চশিক্ষিতরাও প্রশিক্ষণ নিতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

১০ মাসের এই প্রশিক্ষণ এক জন তরুণের জীবনের গতি ও অভিমুখ বদলে দিতে পারে। আধুনিক পদ্ধতি মেনে কৃষি-সংশ্লিষ্ট নানা কাজের মাধ্যমে কীভাবে স্বনির্ভর হওয়া যায়, তাই-ই শেখানো হবে। পরবর্তী কালে একক ভাবে বা অনেককে সঙ্গে নিয়ে কৃষিভিত্তিক বিবিধ অর্থকরী কাজ করা সম্ভব। এই প্রশিক্ষণ নেওয়া থাকলে ব্যবসার জন্য ঋণ পেতেও সুবিধা হবে। রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির পাশে থেকে, তথ্য-পরামর্শ দিয়ে উদ্যোগীদের সহায়তা করে থাকে।

প্রশিক্ষণ দেওয়া হবে এই সব বিষয়ে: আধুনিক পদ্ধতিতে সবজি ও ফুলের চাষ, মাশরুম উৎপাদন, কৃষি-যন্ত্রপাতির ব্যবহার, মাটি পরীক্ষা, বীজ উৎপাদন, জৈব সার তৈরি, হাঁস-মুরগি-ছাগল পালন, প্রাণী-চিকিৎসা, মাছের চাষ, মৌমাছি পালন, রঙিন মাছের চাষ, বিদেশি পাখি পালন, কৃষিজ বিভিন্ন উপাদান থেকে খাদ্য তৈরি। একই সঙ্গে কম্পিউটার ব্যবহার করে কাজ করার প্রশিক্ষণও দেওয়া হবে।

প্রশিক্ষণ নিতে আগ্রহীরা দ্রুত আবেদন করবেন। আবেদনের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের সিলেকশন ক্যাম্পে ডাকা হবে ৬ ও ৭ মে। প্রশিক্ষণ শুরু হবে ১৫ মে থেকে।

আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rkmsssm.org/redp/ প্রশিক্ষণ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পাবেন এই ওয়েবসাইটেই। আবেদনের শেষ দিন ৩০ এপ্রিল।

ঠিকানা: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। যোগাযোগের নম্বর (০৩৩) ২৬৫৪-৮৯০৯, ২৬৫৪-৮৯০৮।

# হাঁস প্রতিপালনে সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** মুরগির মতো হাঁস প্রতিপালনও অত্যন্ত লাভজনক ব্যবসা। খাকি ক্যাম্বেল ও ইন্ডিয়ান রানার প্রজাতির হাঁস বছরে ৩০০টি পর্যন্ত ডিম দিয়ে থাকে। পশ্চিমবঙ্গে হাঁস প্রতিপালন করা হয়, তবে তা খুব সংগঠিত মাত্রায় ও বাণিজ্যিক ভাবে নয়। হাঁস প্রতিপালনের প্রসার ঘটানোর জন্য সরকারি-বেসরকারি স্তরে নানা ভাবে চেষ্টা চলেছে।

হাঁস প্রতিপালন করে লাভজনক ব্যবসা গড়ে তুলতে চাইলে উপযুক্ত সংস্থা থেকে প্রশিক্ষণ নেওয়া জরুরি। মে মাসে বাণিজ্যিক ভাবে হাঁস প্রতিপালনের ৫ দিনের প্রশিক্ষণ দেবে রাজ্য সরকারের প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগ। এটি আবাসিক প্রশিক্ষণ। প্রশিক্ষণের অংশ হিসেবে খামার পরিদর্শনে নিয়ে যাওয়া হবে।

**কোর্সের নাম:** বাণিজ্যিক ভাবে হাঁস উৎপাদন ও ব্যবস্থাপনা বিষয়ে সার্টিফিকেট কোর্স

**কী শেখানো হবে:** বিভিন্ন জাতের হাঁস সম্পর্কে ধারণা, হাঁসের আবাসস্থল গঠন, বিভিন্ন বয়সের হাঁসের খাদ্যতালিকা, বিকল্প খাদ্য উপাদান, হাঁসের খামারের সুরক্ষা ও পরিচ্ছন্নতা, রোগ নির্ণয় ও প্রতিরোধ, টিকা, হাঁসের খামারের দৈনন্দিন পরিচর্যা, বর্জ্য ব্যবস্থাপনা, ডিমের বিপণন

**কোর্সের মেয়াদ:** ১১ মে থেকে ১৫ মে

**আসন সংখ্যা:** ৩০

**যোগ্যতা:** অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ। পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে

**বয়স:** কোনও বাধানিষেধ নেই

**কোর্স ফি:** ৩,৫৩৬ টাকা। থাকা, খাওয়া ও প্রশিক্ষণের খরচ এই ফিয়ের অন্তর্ভুক্ত

**কোথায় প্রশিক্ষণ হবে:** অ্যাকাডেমি অব অ্যানিমাল রিসোর্সেস ম্যানেজমেন্ট, বড়জাগুলি, নদিয়া

**প্রার্থী বাছাইয়ের পদ্ধতি:** দশম শ্রেণিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে

**আবেদনের শেষ তারিখ:** ৩ মে

**কীভাবে আবেদন:** অনলাইন আবেদন করতে হবে প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটের AARM পেজে 'Farm Management Certificate Course on Duck Farming Management' শীর্ষক ফর্মটি পূরণ করতে হবে। প্রার্থীর নিজস্ব মোবাইল নম্বর এবং ই-মেল আইডি থাকতে হবে। বাছাই প্রার্থীদের এসএমএস অথবা ই-মেল মারফত কোর্স ফি জমা করার লিঙ্ক পাঠানো হবে। ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ৬ মে।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৮৯৪২৮-২৩৭১২ অথবা ই-মেল করতে পারেন এই ই-মেল ঠিকানায়: aarmtraining@gmail.com

# স্কলারশিপের খোঁজখবর

## কিরণ প্রতিভা স্কলারশিপস ২০২৬

অষ্টম শ্রেণি পাশ মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কিরণ ফাউন্ডেশন। স্কলারশিপ বাবদ টিউশন ফি ও অন্যান্য খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীর বয়স হতে হবে অন্তত ১৪ বছর। মাসিক পারিবারিক আয় হতে হবে ২০,০০০ টাকার নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KRPS1 আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

## এস বি আই ইয়ুথ ফর ইন্ডিয়া ফেলোশিপ

স্নাতক পাশ তরুণ-তরুণীদের ফেলোশিপ দিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ফাউন্ডেশন।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীকে অবশ্যই ১-১০-২০২৫-এর আগে স্নাতক কোর্স পাশ করে থাকতে হবে। কোর্স শুরুর দিনে বয়স ২১ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ১৬,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/SYFI5 আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# আধুনিক বাগান তৈরির অনলাইন প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** আধুনিক বাগান তৈরির পদ্ধতি সম্পর্কে অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। পঠনপাঠনের ভাষা হিন্দি এবং ইংরেজি। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই।

বাড়ি, অফিস, শিক্ষা-প্রতিষ্ঠান, পুলিশ স্টেশন, আবাসন, বাজার– সর্বত্রই বাগান দিয়ে সৌন্দর্যায়ন করার একটা প্রবণতা দেখা যাচ্ছে। জায়গা ও পরিবেশ অনুযায়ী মডার্ন গার্ডেনিংয়ের পরিকাঠামো তৈরি করে দেওয়া এবং তা পর্যবেক্ষণ ও তদারকি করার জন্য প্রশিক্ষিত কর্মী পাওয়া যায়, যাঁরা এর মাধ্যমেই উপার্জন করেন। বাগান করার প্রশিক্ষণ থাকলে যে-কেউ এই ভাবে জীবিকার্জনের কথা ভাবতে পারেন। ভাবতে পারেন নিজের নার্সারি তৈরি করে আয়ের কথাও।

আগ্রহীরা বাড়িতে বসে অনলাইন এক দিনের কোর্সে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করুন এখনই।

**কোর্সের নাম:** অনলাইন মডার্ন হোম গার্ডেনিং অ্যান্ড কেয়ার।

**তারিখ:** ২৮ এপ্রিল, সকাল ১১টা থেকে দুপুর ১টা।

**কী শেখানো হবে:** টবের মাটি তৈরি, জল নিষ্কাশন ব্যবস্থা, গাছে জল দেওয়ার পদ্ধতি, আলোর প্রয়োজনীয়তা, প্রাকৃতিক কীটনাশক, গাছের খাদ্য, প্রুনিং ইত্যাদি।

**কোর্স ফি:** ৯০০ টাকা।

**আবেদনের পদ্ধতি:** আবেদন করা যাবে অনলাইন, প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

# ৫০০ ফোরম্যান টেকনিশিয়ান ট্রেনি

*প্রথম পাতার পর*

টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান): ৩৫০টি (সাধারণ ১৪০, তফসিলি জাতি ৫৬, তফসিলি উপজাতি ৭৭, ওবিসি ৪২, আর্থিক ভাবে অনগ্রসর ৩৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ২ বছরের আইটিআই কোর্স পাশ, সঙ্গে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। পাশাপাশি মাইনিংয়ের ক্ষেত্রে লো টেনশন বা ৪৪০-৫৫০ ভোল্টস মাইনিং পার্টস পারমিট থাকতে হবে।

বয়স: ২৮-৫-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

মূল বেতন: অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান পদের ক্ষেত্রে মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা এবং টেকনিশিয়ান পদের ক্ষেত্রে দৈনিক ১৫৮৩.৩২ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

১ বছরের ট্রেনিং। সফল ভাবে ট্রেনিং শেষে শর্তসাপেক্ষে টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) পদের ট্রেনিদের ইলেক্ট্রিশিয়ান, ক্যাটেগরি-ফোর পদে এবং অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান ট্রেনিদের টেকনিক্যাল অ্যান্ড সুপারভাইজরি, গ্রুপ-বি পদে নিয়োগের সম্ভাবনা আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://mahanadicoal.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ৭ থেকে ২৮ মে পর্যন্ত।

অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই (জেপিজি/জেপেগ ফর্ম্যাটে), শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা, কাস্ট সার্টিফিকেট-সহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র (জেপিজি/জেপেগ/পিডিএফ ফর্ম্যাটে) আপলোড করতে হবে। ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জিএসটি-সহ)। ফি জমা দেওয়া যাবে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গোর্খা রাইফেলসে ১৫০

*প্রথম পাতার পর*

ক্ষেত্রে ১৫২ সেমি)। কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রক ও রাজ্য বন দপ্তরের প্রাক্তন মহিলা কর্মীদের ক্ষেত্রে ১৫০ সেমি। বুকের ছাতি: পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮২ সেমি ও ৮৭ সেমি। মহিলাদের ক্ষেত্রে ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন: পুরুষদের ক্ষেত্রে অন্তত ৫০ কেজি, মহিলাদের ক্ষেত্রে অন্তত ৪২ কেজি। গোর্খা প্রার্থীরা নিয়মানুসারে ৫ কেজি ছাড় পাবেন।

মেডিক্যাল ক্যাটেগরি: শেপ-ওয়ান।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট, নথিপত্র যাচাই, মেডিক্যাল টেস্ট, দু' পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১ মাইল দৌড়, পুল আপ, ৮ ইঞ্চি/৯ ইঞ্চি ডিচ এবং জিগজ্যাগ ব্যালান্স বিম।


### র‍্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

- ✓ডিসচার্জ বুক ও পেনশন পেমেন্ট অর্ডার
- ✓৮ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো
- ✓ক্যারেক্টার সার্টিফিকেট
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র
- ✓ডোমিসাইল সার্টিফিকেট

উপরোক্ত মূল নথিপত্র ও সেগুলির একাধিক নকল সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্য জানতে ফোন করতে পারেন এই নম্বরে: 0532241904 অথবা 7309677687.


বিজ্ঞাপন

## Galgotias University Placement Report: 4700+ Offers Across Top Recruiters in 2026




**Greater Noida, April 2026:** Galgotias University has achieved a significant milestone with 4700+ placement offers for the Batch of 2026, reinforcing its position as a leading institution for career-driven education and industry readiness. The university continues to witness strong participation from top recruiters, reflecting its robust academic ecosystem and focus on employability.

Leading organizations such as **Infosys, Capgemini, Cognizant, City Union Bank, LTM, Accenture, and EY** have recruited students in large numbers, showcasing the scale and consistency of placements at the university. The placement drive highlights the institution's ability to bridge the gap between academia and industry through skill-based learning and real-world exposure.

Placement records from the university indicate that the highest package for the current year is recorded as **60 Lakh per annum**. In addition, several other students received niche job offers ranging between ₹15 lakh and ₹26.6 lakh per annum from companies of high repute.

Further strengthening its industry-driven learning ecosystem, Galgotias University has established multiple Industry Integrated Academic Centres in collaboration with leading organizations such as **Cisco, Tata Technologies, Vivo, Salesforce, L&T, and HP-Intel**. These centres provide students with hands-on exposure, industry-aligned training, advanced technologies, and practical learning opportunities that effectively bridge academic knowledge with real-world applications, significantly enhancing employability and preparing future-ready professionals.

The university has also recorded 80+ dream offers in the Big 4, with students securing opportunities in leading global firms such as **Deloitte, EY, KPMG, and PwC**. This achievement further reflects the strong industry readiness, academic quality, and professional excellence of Galgotias students.

Adding to the list of accomplishments, Nikita and Yashika Jain from B.Tech (AI and ML), Batch 2028, have been selected for the **LinkedIn CoachIn Program 2026**. Their selection reflects the growing global recognition of Galgotias students and the university's commitment to empowering future technology leaders, especially women in tech.

Speaking on the achievement, **Dr. Dhruv Galgotia, CEO** said, "At Galgotias University, our focus has always been on creating future-ready professionals equipped with the right skills, mindset, and global exposure. The remarkable placement outcomes and international opportunities secured by our students are a testament to our commitment to academic excellence and industry integration."



**Parul® University** Gujarat Goa

**TOP PLACEMENTS** Yahan **Possible Hai!**

**3,500* Students of Batch of 2026 Placed Before Graduation**

86 Students Placed at cognizant

36 Students Placed at HEXAWARE

**234** Students Placed at tcs TATA CONSULTANCY SERVICES

**157** Students Placed at Capgemini

**108** Students Placed at Reliance Industries Limited

79 Students Placed at LTM

33 Students Placed at HCLTech





**Quality Education Backed by National Recognition**

NAAC GRADE A++ | CoE CENTRE OF EXCELLENCE By the Government of Gujarat | NIRF TOP 50 INNOVATIONS RANKING | QS WORLD UNIVERSITY RANKINGS

**Programmes Offered** FOR THE ACADEMIC YEAR 2026-27

Engineering | Management | Commerce | Medicine | Allied and Health Care Sciences | Pharmacy | Applied Science | Design | Architecture | Fine Arts Ayurved | Homoeopathy | Law | Agriculture | Nursing | Physiotherapy | Public Health | IT & Computer Science | Library Science | Liberal Arts | Aviation Hotel Management | Social Work | Performing Arts

Parul® University Gujarat Goa

**KOLKATA ADMISSION OFFICE** 9510971472

87/250, Raja S.C. Mullick Road, Ganguly Bagan, Near IRIS Hospital, Kolkata - 700047, West Bengal.

CHOOSE MORE CHOOSE RIGHT® www.paruluniversity.ac.in 18001231104

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

179(b): W R I T E
↓−13 ↓−13 ↓+13 ↓−13 ↓+13
J E V G R


একইভাবে, W R O N G
↓−13 ↓−13 ↓+13 ↓−13 ↓+13
J E B A T

180(d): প্রদত্ত সেট: (6, 12, 18) = $6 \xrightarrow{\times 2} 12 \xrightarrow{6 \times 3} 18$

একই সম্পর্কযুক্ত সেট হল (12, 24, 36)

$12 \xrightarrow{\times 2} 24 \xrightarrow{12 \times 3} 36.$

181(d):




∴ সে এখন যাত্রা শুরুর স্থান থেকে (10 + 5) = 15 কিলোমিটার দূরে আছে।

182(c): $25 : 36 \Rightarrow 5^2 : 6^2$

$\therefore 216 = 6^3, 5^3 = 125.$

183(d): মূলধন (P) = 1000 টাকা

সুদের হার বৃদ্ধি (r) = 5%

সুদ বৃদ্ধি (I) = 80 টাকা, সময় = t = ?

$I = \frac{prt}{100}, 80 = \frac{1000 \times 5 \times t}{100}, 80 = 50 \times T$

$T = \frac{80}{50} = \frac{8}{5}$ বছর $= 1\frac{3}{5}$ বছর।

184(d): 10 লিটার দ্রবণে জল : অ্যাসিড = 1 : 4

জল $= 10 \times \frac{1}{5} = 2$ লিটার, অ্যাসিড = (10 − 2) = 8 লিটার

ধরি, x লিটার অ্যাসিড মেশানো হল

নতুন অনুপাত $\frac{2}{8+x} = \frac{1}{5}$

বা, 8 + x = 10 বা, x = 10 − 8, x = 2 লিটার।

185(c): 12টি লজেন্সের বিক্রয়মূল্য = 5 টাকা

ক্ষতি = 4%

ধরি, 1টি লজেন্সের ক্রয়মূল্য = 100x টাকা

12টি লজেন্সের ক্রয়মূল্য = 1200x টাকা

∴ বিক্রয়মূল্য $= \left(1200x - 1200x \times \frac{4}{100}\right)$ টাকা = (1200x − 48x) টাকা

= 1152x টাকা

শর্তানুসারে, 1152x = 5

$\therefore x = \frac{5}{1152}, 100x = \frac{500}{1152}$

1টি লজেন্সের ক্রয়মূল্য $\frac{500}{1152}$ টাকা

লাভ = 28%, বিক্রয়মূল্য = 10 টাকা

ধরি, yটি লজেন্সের বিক্রয় করতে হবে

yটি লজেন্সের ক্রয়মূল্য $\frac{500y}{1152}$ টাকা

শর্তানুসারে, $\frac{500y}{1152} + \frac{500y}{1152} \times \frac{28}{100} = 10$

$\Rightarrow \frac{500y}{1152} + \frac{140y}{1152} = 10, \frac{640y}{1152} = 10$

$\Rightarrow 64y = 1152 \Rightarrow y = \frac{1152}{64} = 18.$

186(d): $6x^2 + 6y^2 = 13xy$

বা, $6x^2 - 13xy + 6y^2 = 0$

বা, $6x^2 - 4xy - 9xy + 6y^2 = 0$

বা, $2x(3x - 2y) - 3y(3x - 2y) = 0$

বা, $(3x - 2y)(2x - 3y) = 0$

$3x - 2y = 0$ বা, $3x = 2y$

$2x - 3y = 0$ বা, $2x = 3y$

$\therefore x : y = \frac{3}{2} = 3 : 2$

অথবা, $x : y = \frac{2}{3} = 2 : 3.$

187(c): ধরি, A-এর আয় = 3x ও B-এর আয় = 4x

A-এর ব্যয় = 4y ও B-এর ব্যয় = 5y

A-এর সঞ্চয় = 3x − 4y এবং B-এর সঞ্চয় = 4x − 5y

A-এর সঞ্চয় তার আয়ের এক চতুর্থাংশ

$\therefore 3x - 4y = \frac{1}{4} \times 3x$ বা, $3x - \frac{3x}{4} = 4y$

বা, $\frac{12x - 3x}{4} = 4y$ বা, $\frac{9x}{4} = 4y$

$\therefore \frac{9x}{16} = y$

এখন, B-এর সঞ্চয় = 4x − 5y, $y = \frac{9x}{16}$ বসিয়ে

$4x - \left(\frac{9x}{16}\right) = \frac{64x}{16} - \frac{45x}{16} = \frac{64x - 45x}{16} = \frac{19x}{16}$

∴ সঞ্চয়ের অনুপাত $= A : B = \frac{3x}{4} \times \frac{16}{19x} = \frac{3 \times 16}{4 \times 19} = \frac{48}{76} = \frac{12}{19}.$

188(b): 1 1 2 3 5 8 13 21

1 + 1 = 2, 2 + 3 = 5, 3 + 5 = 8

5 + 8 = 13, 8 + 13 = 21.

189(c): ধরি, মায়ের বয়স = x বছর

মেয়ের বয়স = y বছর

x + y = 60 বছর

x − y = 30 বছর

2y = 30

$y = \frac{30}{2} = 15 \therefore x + y = 60$ বা, x + 15 = 60

বা, x = 60 − 15 = 45 বছর।

192(b): $8 + 4 - ? \Rightarrow 8 - 4 = 4.$

194(b): G E C A
(7+1) (5+1) (3+1) (1+1)
8 6 4 2

H F B D
(8+1) (6+1) (2+1) (4+1)
9 7 3 5

195(a): ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = ℓ মিটার, প্রস্থ = b মিটার

∴ দৈর্ঘ্য − প্রস্থ = (ℓ − b) মিটার

(ℓ − b) = 23 বা, ℓ = 23 + b মিটার

পরিসীমা = 2(ℓ + b) মিটার = 2ℓ + 2b = 2(23 + b) + 2b = 46 + 2b + 2b

= 46 + 4b, 46 + 4b = 206

বা, 4b = 206 − 46 বা, 4b = 160 বা, $b = \frac{160}{4} = 40$ মিটার

∴ দৈর্ঘ্য ℓ = 23 + b মিটার = 23 + 40 মিটার = 63 মিটার

∴ ক্ষেত্রফল = ℓ × b = 63 × 40 = 252.0 বর্গমিটার।

196(b): 5 3 1 6 0 2
↓ ↓ ↓ ↓ ↓ ↓
T D C V U S

197(b): ধরি, নির্ণেয় সময় = x মিনিট

(x + 11) মিনিটে 40 কিমি/ঘণ্টা গতিতে অতিক্রান্ত দূরত্ব = (x + 5) মিনিটে 50 কিমি/ঘণ্টা গতিতে অতিক্রান্ত দূরত্ব

$\therefore \frac{x+11}{60} \times 40 = \frac{(x+5)}{60} \times 50$

$\Rightarrow 4(x + 11) = 5(x + 5)$

⇒ x = (44 − 25) = 19 মিনিট।

198(d): মোট মেয়ে আছে = (6 + 16) + 1 = 22 + 1 = 23 জন।

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ ‘ডি’

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

67(d): তাপবিদ্যুৎ কেন্দ্র ও রাজ্য।

68(a): (4 × 2 × 1) + 3 + 2 = 13, (5 × 2 × 1) + 4 + 4 = 18)

69(b): $553 \xrightarrow{-2} 551$ একইভাবে, $447 \xrightarrow{-2} 445.$

70(b): F O M একইভাবে, R A X
↓−3 ↓−3 ↓−3 ↓−3 ↓−3 ↓−3
C L J O X U

71(d): ACTING শব্দটি তৈরি করা যাবে না, কারণ মূল শব্দ RANKING-এ C ও T নেই।

74(c): Q D X M
↓+2 ↓+2 ↓+1 ↓+1
S F Y N

একইভাবে, U I O Z
↓+2 ↓+2 ↓+1 ↓+1
W K P A

75(a): C D E F একইভাবে, I J K L
বিপরীত
অক্ষর U V W X O P Q R

76(b): ধরা যাক, সংখ্যাটি = x

শর্তানুযায়ী, $5x = x + 280 \Rightarrow 5x - x = 280$

$\Rightarrow 4x = 280 \Rightarrow x = 70.$

77(a): ধরা যাক, ছোট সংখ্যাটি x, বড় সংখ্যাটি x + 45

$\frac{x+45}{x} = \frac{4}{3}$ বা, $4x = 3x + 135 \Rightarrow x = 135.$

78(c): $\frac{\sqrt{81}}{100} = \frac{x}{100} \Rightarrow x = \sqrt{81} \Rightarrow x \pm 9$

79(d): 160-এর 45% = x এর 25%

$\Rightarrow 160 \times \frac{45}{100} = x \times \frac{25}{100}$

$\Rightarrow x = \frac{160 \times 45}{25} = 288.$

80(c): নির্ণেয় সুদ $= \frac{9 \times 10000}{100} \times \frac{5}{2} = 2250$ টাকা।

81(c): $A : B = \frac{1}{2} : \frac{1}{3} \Rightarrow A : B = 3 : 2$

$B : C = \frac{1}{5} : \frac{1}{3} \Rightarrow B : C = 3 : 5$

A : B : C = 9 : 6 : 10

এখন, (A + B) : (B + C) = (9 + 6) : (6 + 10) = 15 : 16.

82(a): $? = \sqrt{8281} = \sqrt{(91)^2} = 91.$

83(b): ধরা যাক, বৃত্তের ব্যাসার্ধ r মিটার

$2\pi r = 792 \Rightarrow 2 \times \frac{22}{7} \times r = 792$

$\Rightarrow r = \frac{792 \times 7}{2 \times 22} = 126$ মিটার।

84 (c): $\frac{?}{36} = 49 - 8$ ? = 41 × 36 = 1476.

85(a): দেওয়া আছে x : y = 3 : 2

$\frac{x+y}{x-y} = \frac{3+2}{3-2} = \frac{5}{1} = 5 : 1.$

86(d): ধরা যাক, সংখ্যাদু’টি যথাক্রমে 5x, 7x

ল.সা.গু = 35x এখন 35x = 315

⇒ x = 9

সংখ্যাদু’টির গুণফল = 5 × 9 × 7 × 9 = 45 × 63 = 2835.

87(b): 10% ক্ষতি হলে ক্রয়মূল্য হয় $540 \times \frac{100}{90}$ টাকা = 600 টাকা

10% লাভ করতে হলে তার বিক্রয়মূল্য হবে $600 \times \frac{110}{100}$ টাকা = 660 টাকা।

88(c): প্রশ্নানুযায়ী, $\frac{a^2}{b^2} = \frac{225}{256}, \frac{a}{b} = \frac{15}{16}$

তাদের পরিসীমার অনুপাত = 4a : 4b = a : b = 15 : 16.

89(a): $a : b = 2 : 3 \Rightarrow 2 \times 5 : 5 \times 3 : 3 \times 7 = 10 : 15 : 21$

b : c = 5 : 7.

90(b): $5^{x+3} = 5^{6x-8} \Rightarrow x + 3 = 6x - 8$

$\Rightarrow 5x = 11 \Rightarrow x = \frac{11}{5}.$

91(d): $\left(\frac{25 \times 100}{75}\right)\% = \frac{100}{3}\% = 33\frac{1}{3}\% = 33.3\%.$

92(b): 12.59 (4.187 + 5.813) = 12.59 × 10 = 125.9.

93(a): গড় $= \frac{6 \times 30 + 30 \times 6}{6 + 30} = \frac{180 + 180}{36} = \frac{360}{36} = 10.$

94(c): $\frac{9}{\sqrt{9/100}} = \frac{9}{\sqrt{3/10}} = \frac{9 \times 10}{3} = 30.$

95(d): $(30 + 20)(30 - 20) = 10x \Rightarrow 50 \times 10 = 10x$

$\Rightarrow 500 = 10x$ or $x = 50.$

96(d): 3 + 6 + 9 + ... + 75 = 3(1 + 2 + 3 + ... + 25)

$= 3 \times \frac{25 \times 26}{2} = 975.$

97(d): $\left[\left\{(4)^3\right\}^{2/3}\right]^{1/2} = [4^2]^{1/2} = 4.$

98(a): $\frac{\text{লব 2, 8 ও 10 এর ল.সা.গু}}{\text{হর 3, 15 ও 21 এর ল.সা.গু}} = \frac{40}{3} = 13\frac{1}{3}.$

99(c): 1 মিনিটে পূর্ণ হয় $\left(\frac{1}{15} - \frac{1}{20}\right)$ অংশ $= \frac{4-3}{60} = \frac{1}{60}$ অংশ

চৌবাচ্চাটি পূর্ণ হয় 60 মিনিটে = 1 ঘণ্টায়।

100(a): $\frac{a}{b} + \frac{b}{a} = 1 \Rightarrow a^2 + b^2 = ab$

$\Rightarrow a^2 + b^2 - ab = 0$

$\because a^3 + b^3 = (a + b)(a^2 + b^2 - ab) = (a + b) \times 0 = 0.$

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:

- ‘পেশাপ্রবেশ’-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- ‘পেশাপ্রবেশ’ গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- ‘পেশাপ্রবেশ’-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, ‘পেশাপ্রবেশ’ মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- ‘পেশাপ্রবেশ’-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

*ফুরোবার আগেই সংগ্রহ করুন।*

# কারেন্সি নোট প্রেসে ৪৯৪

*প্রথম পাতার পর*

যোগ্যতা: প্রিন্টিং টেকনোলজি বা প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং টেকনোলজিতে প্রথম শ্রেণির নম্বর-সহ ৩ বছরের ডিপ্লোমা অথবা বি ই বা বি টেক ডিগ্রি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (আইটি):** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে প্রথম শ্রেণির নম্বর-সহ ডিপ্লোমা অথবা বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (টেকনিক্যাল অপারেশন-মেকানিক্যাল):** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম শ্রেণির নম্বর-সহ ডিপ্লোমা অথবা বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (টেকনিক্যাল অপারেশন-ইলেক্ট্রিক্যাল):** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম শ্রেণির নম্বর-সহ ডিপ্লোমা অথবা বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**সুপারভাইজর (টেকনিক্যাল অপারেশন-ইলেক্ট্রনিক্স):** ৯টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম শ্রেণির নম্বর-সহ ডিপ্লোমা অথবা বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট:** ২২টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীর কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২১,৫৪০-৭৭,১৬০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং):** ১০৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেশিনিস্ট, ইলেক্ট্রিক্যাল, ফিটার, ইলেক্ট্রনিক্স, প্রিন্টিং (লিথো বা অফসেট মেশিন মাইন্ডার বা ইলেক্ট্রোপ্লেটিং বা লেটার প্রেস মেশিন মাইন্ডার বা অফসেট প্রিন্টিং বা প্লেট মেকিং বা প্লেট মেকার-কাম-ইম্পোজিটর)— যে-কোনও একটি ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্রোল):** ২২৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেশিনিস্ট, ইলেক্ট্রিক্যাল, ফিটার, ইলেক্ট্রনিক্স, প্রিন্টিং (লিথো অফসেট মেশিন মাইন্ডার বা ইলেক্ট্রোপ্লেটিং বা লেটার প্রেস মেশিন মাইন্ডার বা অফসেট প্রিন্টিং বা প্লেট মেকিং বা প্লেট মেকার-কাম-ইম্পোজিটর)— যে-কোনও একটি ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল):** ১২টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রনিক্স):** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট):** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেশিনিস্ট ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (ফিটার):** ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিটার ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

১৯-৫-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cnpnashik.spmcil.com অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ মে পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কেবিন ক্রু

*প্রথম পাতার পর*

ওজন হতে হবে। বডি মাস ইন্ডেক্স হতে হবে ১৮ থেকে ২২-এর মধ্যে। প্রয়োজনীয় দৃষ্টিশক্তি ৬/৬। ফ্রেশার প্রার্থীদের বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

আগ্রহীরা অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://careers.airindia.com/job/Delhi-Trainee-Cabin-Crew-Nort/54047544/ যত দ্রুত সম্ভব আবেদন করবেন।

## রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায়
# কয়েকশো অফিসার

কয়েকশো অফিসার নেবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। গ্রেড-বি ক্যাটেগরিতে নিয়োগ করা হবে জেনারেল ক্যাডার, ইকনমিক অ্যান্ড পলিসি রিসার্চ এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্ট ক্যাডারে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে এপ্রিলের শেষে।

প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগে জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে। আগ্রহীরা চোখ রাখুন এই ওয়েবসাইটে: www.rbi.org.in

# এনটিপিসি গ্রিনে
## ডেপুটি জেনারেল ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

ডেপুটি জেনারেল ম্যানেজার ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ৪২ জনকে নেবে এনটিপিসি গ্রিন এনার্জি। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনের আওতাধীন সংস্থা। প্রার্থীকে রিনিউয়েবল এনার্জি ক্ষেত্রের দক্ষ ও অভিজ্ঞ পেশাদার হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০১/২৬।

**শূন্যপদের বিন্যাস: ডেপুটি জেনারেল ম্যানেজার:** ১৪টি। **বেতনক্রম:** ৯০,০০০-২,৪০,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার:** ২৮টি। **বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ngel.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ এপ্রিল থেকে ৫ মে পর্যন্ত।

আগ্রহীরা বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


# সেনাবাহিনীতে পশুচিকিৎসক

ট্রেনিং দিয়ে ২০ জন ভেটেরিনারি গ্র্যাজুয়েট নেবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে ৯৫তম শর্ট সার্ভিস কমিশনে, রিমাউন্ট অ্যান্ড ভেটেরিনারি ক্যারে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। **শূন্যপদ:** ২০টি (পুরুষ ১৮, মহিলা ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ভেটেরিনারি সায়েন্স বা ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রিতে স্নাতক। সঙ্গে অবশ্যই ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। **বয়স:** পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৫-২০২৬ তারিখে এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১৫-৫-২০২৬ তারিখে ২১ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড।

ট্রেনিং হবে মিরাট ক্যান্টনমেন্টের আরভিসি সেন্টার অ্যান্ড কলেজে। সফল ট্রেনিং শেষে নিয়োগ হবে ক্যাপ্টেন র‍্যাঙ্কে। শুরুতে বেতন ৬১,৩০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১৮ মে এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১৫ মে পর্যন্ত। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



# এনটিপিসি-তে ২৫০ অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ

প্রথম পাতার পর

**শূন্যপদের বিবরণ:** মোট শূন্যপদ ২৫০টি (সাধারণ ১০৯, তফসিলি জাতি ৪২, তফসিলি উপজাতি ৩৫, ওবিসি ৩৯, আর্থিক ভাবে অনগ্রসর ২৫)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে ৪০ মেগাওয়াট বা তার বেশি শক্তিসম্পন্ন পাওয়ার প্ল্যান্টে অপারেশন বা মেইন্টেন্যান্সে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ৭-৫-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৫৫,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত বা কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.careers.ntpc.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ২৩ এপ্রিল থেকে ৭ মে পর্যন্ত।

অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, পরিচয়পত্র, কাস্ট, প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), কাজের অভিজ্ঞতা-সহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে হবে না। অনলাইন ও অফলাইন, দুই মাধ্যমেই দরখাস্তের ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্কের যে-কোনও শাখায় পে-ইন-স্লিপের মাধ্যমে এই অ্যাকাউন্ট নম্বরে: 30987919993 (CAG Branch, New Delhi, Code No: 09996)। ফি জমা দেওয়ার পর রিসিটে ব্রাঞ্চ কোড ও জার্নাল নম্বর আছে কি না দেখে নেবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে সহস্রাধিক স্টেনোগ্রাফার

## নিয়োগের বিজ্ঞপ্তি শীঘ্রই

**নিজস্ব প্রতিনিধি:** যাঁরা স্টেনোগ্রাফারের সরকারি চাকরির জন্য নিবিড় অনুশীলন করে চলেছেন তাঁদের জন্য সুখবর। চলতি মাসের শেষ ভাগে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও সংস্থায় স্টেনোগ্রাফার পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও সংস্থায় নিয়োগের জন্য স্টেনোগ্রাফার (গ্রুপ 'সি' ও গ্রুপ 'ডি') পদে প্রার্থী বাছাই করে স্টাফ সিলেকশন কমিশন।

চলতি মাসের শেষ নাগাদ নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ পেলে অগস্ট-সেপ্টেম্বর নাগাদ প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হতে পারে। শূন্যপদ সম্পর্কে স্টাফ সিলেকশন কমিশন এখনও কোনও তথ্য প্রকাশ করেনি। তবে, বিগত কয়েক বছরের শূন্যপদের প্রবণতা পর্যালোচনা করে বলা যায়, ১ হাজারের বেশি শূন্যপদে নিয়োগ হতে পারে।

স্টেনোগ্রাফিতে দক্ষতা থাকলে, অন্তত উচ্চ মাধ্যমিক উত্তীর্ণরা চাকরির আবেদন করতে পারেন। অভিজ্ঞতার দরকার হয় না। বয়স হতে হয় 'সি' গ্রেডের প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ এবং 'ডি' গ্রুপের প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পান।

প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে স্টেনোগ্রাফির টেস্ট বিশেষ গুরুত্ব পায়। 'সি' গ্রুপের প্রার্থীদের মিনিটে ১০০টি শব্দের গতিতে এবং 'ডি' গ্রুপের প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে ডিক্টেশন দেওয়া হয়। শর্টহ্যান্ডে নেওয়া সেই ডিক্টেশন 'ডি' গ্রুপের প্রার্থীদের ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) এবং 'সি' গ্রুপের প্রার্থীদের ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) টাইপ করতে হয়। স্কিল টেস্টের আগে কম্পিউটার-ভিত্তিক লিখিত পরীক্ষা নেওয়া হয়। এই পরীক্ষায় সবচেয়ে বেশি নম্বর থাকে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন বিভাগে।

আগ্রহীদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। এপ্রিলের শেষে নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'য় শূন্যপদের সংখ্যা সহ বিশদ তথ্য জানানো হবে।

# হৃষীকেশ এইমসে ১১৯ চিকিৎসক

বিভিন্ন বিভাগে ১১৯ জন চিকিৎসক নেবে উত্তরাখণ্ডের হৃষীকেশের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2026/07.

বিভাগ অনুসারে শূন্যপদ: অ্যানেস্থিশিয়োলজি ৭টি। অ্যানাটমি ১টি। বায়োকেমিস্ট্রি ২টি। বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ৩টি। কার্ডিওলজি ১টি। কার্ডিওথোরাসিক সার্জারি ২টি। কমিউনিটি/ফ্যামিলি মেডিসিন ২টি। ডেন্টিস্ট্রি ৩টি। ডার্মাটোলজি ৫টি। এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম ৩টি। ইএনটি ১টি। ফরেন্সিক মেডিসিন ১টি। গ্যাসট্রোয়েন্টেরোলজি ২টি। জেনারেল মেডিসিন ৩টি। জেনারেল সার্জারি ৫টি। হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন ৪টি। মেডিক্যাল অঙ্কোলজি/হেমাটোলজি ৬টি। মাইক্রোবায়োলজি ১টি। নেওন্যাটোলজি ৩টি। নেফ্রোলজি ২টি। নিউরোলজি ৪টি। নিউরোসার্জারি ৫টি। নিউক্লিয়ার মেডিসিন ৩টি। অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি ২টি। অপথ্যালমোলজি ১টি। অর্থোপেডিক্স ৩টি। পেডিয়াট্রিক্স ২টি। পেডিয়াট্রিক সার্জারি ২টি। প্যাথোলজি ১টি। ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন ৩টি। ফিজিওলজি ২টি। সাইকিয়াট্রি ৩টি। পালমোনারি মেডিসিন ১টি। রেডিও ডায়াগনসিস ৫টি। রেডিওথেরাপি ২টি। সার্জিক্যাল গ্যাসট্রোয়েন্টেরোলজি ৪টি। সার্জিক্যাল অঙ্কোলজি ৬টি। ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক ৩টি। ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি ৪টি। ইউরোলজি ৬টি।


অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aiimsrishikesh.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ মে।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কবে কোন পরীক্ষা

## রেলের এনটিপিসি (আন্ডার গ্র্যাজুয়েট) পরীক্ষা

রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড প্রকাশিত বিজ্ঞপ্তি (CEN 07/2025) অনুযায়ী, নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (UG) পদের কম্পিউটার ভিত্তিক প্রিলিমিনারি পরীক্ষা ৭, ৮, ৯ মে এবং ১৩, ১৪, ১৬ থেকে ২১ জুন পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষার শহর ও তারিখ এবং SC/ST প্রার্থীদের ট্র্যাভেল অথরিটি পাস পরীক্ষার ১০ দিন আগে পাওয়া যাবে। অ্যাডমিট কার্ড ডাউনলোড শুরু হবে পরীক্ষার ৪ দিন আগে থেকে। কেন্দ্রে প্রবেশের জন্য আধার কার্ড এবং বায়োমেট্রিক যাচাইকরণ করা হবে। বিস্তারিত তথ্যের জন্য দেখুন: https://www.rrbapply.gov.in



স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in